গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(সাধারণ শাখা)
www.gaibandha.gov.bd

অক্টোবর ২০২৬ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি : ড. মো: মনিরুজ্জামান, জেলা প্রশাসক, গাইবান্ধা।
তারিখ : ০১ অক্টোবর ২০২৬ খ্রি.
সময় : সকাল ১১.৪৫ টা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মীর শাহে আলম মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অতঃপর জেলার দপ্তর/বিভাগভিত্তিক কার্যক্রমের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম ও বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১। জেলা প্রশাসন, গাইবান্ধা।	(১) জেলার কর্মকর্তাগণের সাথে মাননীয় প্রতিমন্ত্রী পরিচয় পর্ব শেষে জেলার সার্বিক উন্নয়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(১)গাইবান্ধা জেলার সকল দপ্তরকে জেলার উন্নয়নের লক্ষ্যে এক যোগে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(১) সকল দপ্তর প্রধান, গাইবান্ধা। (২) উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা (৩) সকল উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা। (৪) সকল এনজিও প্রধান, গাইবান্ধা।
	মাননীয় প্রতিমন্ত্রী বলেন, নিজের চারপাশের এলাকা তথা দেশকে পরিষ্কার পরিচ্ছন্ন রাখা সবার নৈতিক দায়িত্ব। সংশ্লিষ্ট সকলকে নিয়মিত পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার অনুরোধ করে। (২) মন্ত্রিপরিষদ বিভাগের ০৯ মার্চ ২০২৬ তারিখের ০৪,০০,০০০০,০০০.৫১২.১৮.০০০৬.২২.৭৫ নং স্মারকে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে ১৪ মার্চ ২০২৬ থেকে প্রতি শনিবার জনসাধারণসহ সংশ্লিষ্ট সকলকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে ডেঙ্গু মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছাশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও সংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ জানানো হয়েছে। এছাড়াও ০৯ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ০৪,০০,০০০০,০০০.৫১৪.৯৯,০০০৩.২৩.৪২-৬ নং স্মারকে আগামী তিন মাস অর্থাৎ ১২/১২/২০২৬ তারিখ পর্যন্ত প্রতি শনিবার ধারাবাহিকভাবে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান নিজ নিজ প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেছেন।	(২) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধে প্রতি শনিবার মশার প্রকোপ না কমা পর্যন্ত স্বেচ্ছাশ্রমের মাধ্যমে নিজ নিজ কর্মক্ষেত্র, বাসস্থান ও তৎসংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংসে বিশেষ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	

	(৩) জেলায় বেওয়ারিশ কুকুরকে ভ্যাক্সিনেশনের আওতায় আনয়ন ও কুকুর কামড় দিলে দ্রুত স্বাস্থ্য কেন্দ্রে যাওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। মাননীয় প্রতিমন্ত্রী উক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণের বিষয়ে আলোচনা করেন।	(৩.১) জেলায় বেওয়ারিশ কুকুরকে ভ্যাক্সিনেশনের আওতায় আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৩.২) জেলায় বেওয়ারিশ কুকুরে কামড় দিলে দ্রুত স্বাস্থ্য কেন্দ্রে যাওয়ার বিষয়ে জুম্মার দিনে মসজিদে খুতবার পূর্বে সচেতনতামূলক আলোচনা করার বিষয়ে ইমামদের নির্দেশনা প্রদান করতে হবে।	
	(৪) জেলায় বিশেষত গ্রাম অঞ্চলে কুকুরের পাশাপাশি শেয়ালের বিষয়েও সতর্ক থাকার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।	(৪) জেলায় বিশেষত গ্রাম অঞ্চলে কুকুরের পাশাপাশি শেয়ালের বিষয়েও সতর্ক থাকার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
	(৫) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহ সম্পর্কে প্রচার-প্রচারণা/অবহিতকরণ বিষয়ে আলোচনা করা হয়।	(৫) বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সেবাসমূহ প্রচারের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
	(৬) মাননীয় প্রতিমন্ত্রী সকল দপ্তরে কেপেক্স/ওপেক্স পদ্ধতির মাধ্যমে রুপটপ সোলার স্থাপনের বিষয়ে আলোচনা করেন। মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ০৪,০০,০০০০.০০০.৫১২.১৮.০০১৩.২২.২৫৯ নং স্মারকে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।	(৬) বিদ্যুৎ বিভাগের অধীনস্থ বিদ্যুৎ বিতরণকারী কোম্পানিসমূহের সংস্থা/মাঠ পর্যায়ে বকেয়া বিদ্যুৎ বিল আদায় ত্বরান্বিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
	(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ জুলাই ২০২৫ খ্রি. তারিখের ০৪,০০,০০০০,০০০,৫১২.১৬.০০০১.১৯. ২৬০ নং স্মারকে সরকারি দপ্তরে প্রতি বুধবার সকাল ১০.০০টা হতে ১২.০০টা পর্যন্ত গণশুনানি গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে।	(৭) সরকারি দপ্তরে প্রতি বুধবার সকাল ১০.০০টা হতে ১২.০০টা পর্যন্ত গণশুনানি গ্রহণসহ	

		মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে।	
	(৮) মন্ত্রিপরিষদ বিভাগের ১০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৫১২.৮২,০০০৪.১৯.৩০৯ নং স্মারকে User Lead Acid Battery (ULAB) জনিত সীসা বিষক্রিয়া রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকরী ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(৮) User Lead Acid Battery (ULAB) জনিত সীসা বিষক্রিয়া রোধে গোবিন্দগঞ্জ উপজেলার কারখানার বিষয়ে বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করতে হবে।	
	(৯) গাইবান্ধা সদর উপজেলাধীন কামারজানি ইউনিয়নের কুন্দারপাড়া গ্রামে তীব্র নদী ভাঙ্গন রোধে স্থানীয় জনগণের আবেদন ও উপজেলা নির্বাহী অফিসারের প্রেরিত পত্রের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	(৯) গাইবান্ধা সদর উপজেলাধীন কামারজানি ইউনিয়নের কুন্দারপাড়া গ্রামে তীব্র নদী ভাঙ্গন রোধে জরুরি ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
২। পুলিশ বিভাগ, গাইবান্ধা।	পুলিশ সুপার, গাইবান্ধা সভায় জানান যে, জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখাসহ পুলিশের সেবা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে সকল ইউনিটের পুলিশ কর্মকর্তাগণের সমন্বয়ে বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, এনজিও, ছাত্র-শিক্ষক, মসজিদ, মন্দির কমিটির সাথে মতবিনিময় সভা, প্রতিটি থানায় ওপেন হাউস ডে, কমিউনিটি পুলিশিং, বিট পুলিশিং সভার কার্যক্রম অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে।	জেলার আইন-শৃঙ্খলা রক্ষার্থে পুলিশ সদস্যদের সদা তৎপর থাকাসহ পুলিশিং সেবা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রতিটি থানায় ওপেন হাউস ডে, কমিউনিটি পুলিশিং, বিট পুলিশিং সভার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	পুলিশ সুপার, গাইবান্ধা।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা	উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা জানান যে, গাইবান্ধা জেলার জন্ম নিবন্ধনের (০-১ বছরের মধ্যে) লক্ষ্যমাত্রা- ৩,৯৯৫ জন, মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা- ১,২৯২ জন। আগস্ট ২০২৬ মাসের জন্ম নিবন্ধন (০-১ বছরের মধ্যে) অর্জন-৩,১৯০ জন এবং মৃত্যু নিবন্ধন ৮০৬ জন। এক বছরের পর জন্ম নিবন্ধন ৭,০৮৫ জন এবং মৃত্যু নিবন্ধন- ২৩৪ জন।	(৩.১) জন্ম ও মৃত্যু নিবন্ধনের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৩.২) জন্ম ও মৃত্যু নিবন্ধন জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে।	উপপরিচালক, স্থানীয় সরকার, গাইবান্ধা।
৪। জেলা পরিষদ, গাইবান্ধা।	প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা সভায় জানান যে, (১) সাঘাটা উপজেলার বোনারপাড়া অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মাণ চলমান রয়েছে। বরাদ্দ ৫৮২.০০ লক্ষ টাকা, অগ্রগতি- ৮৫%, (২) জেলা সদরে ১,০০০ আসন বিশিষ্ট	(১) ফুলছড়ি উপজেলার গজারিয়া ইউনিয়নে অবস্থিত টি বাঁধে জেলা পরিষদ,	(১) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা

	অডিটোরিয়াম কাম-মাল্টি পারপাস হল নির্মাণ (বরাদ্দ-২০.৩৭ কোটি টাকা)। মহামান্য হাইকোর্ট ডিভিশনে রিট দায়ের হওয়ায় কার্যক্রম স্থগিত রয়েছে, (৩) গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার মহিমাগঞ্জে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ, বরাদ্দ ৩,৬৮,৩৫,৫৩০/-টাকা, কাজ চলমান। অগ্রগতি- ১০%, (৪) সুন্দরগঞ্জ উপজেলায় একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ, বরাদ্দ ৩,৬৯,০১,৩২৮/- টাকা, অগ্রগতি- ১০%, (৫) পলাশবাড়ী উপজেলা সদরে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ কাজ চলমান রয়েছে। এ প্রকল্পের বরাদ্দ ৩,৭৪,৪৪,১৫৬/- টাকা। অগ্রগতি-২০% হয়েছে, (৬) সাদুল্লাপুর উপজেলা সদরে একটি আধুনিক ডাকবাংলো নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। এ প্রকল্পের বরাদ্দ ২৩৩.৮০ লক্ষ টাকা, ইতোমধ্যে অগ্রগতি-৭০% হয়েছে, (৭) ২০২৪-২৫ অর্থবছরে এডিপি (সাধারণ) খাতে বরাদ্দ ৬৭০.০০ লক্ষ টাকা। ২৩৫টি প্রকল্পের কাজ চলমান, অগ্রগতি-৮০%, (৮) এডিপি (বিশেষ) খাতে বরাদ্দ ৭০.০০ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা-৩০টি, অগ্রগতি ৫৫%। এডিপি (বিশেষ) খাতে বরাদ্দ ৪৫.১৮ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা-১৯টি, অগ্রগতি-৬০%, (৯) ২০২৫-২৬ অর্থবছরে এডিপি (সাধারণ) খাতে বরাদ্দ ৫৭১.২৮ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা ৩৩৫টি। অগ্রগতি- ৪৫%। এডিপি (বিশেষ) খাতে বরাদ্দ ৪১.০০ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা ১৪টি। কার্যক্রম চলমান রয়েছে। অগ্রগতি ৩৫%, এডিপি (বিশেষ) বরাদ্দ ৬৫.০০ লক্ষ টাকা, প্রকল্পের সংখ্যা- ২২টি। কার্যক্রম চলমান রয়েছে, অগ্রগতি-৩৫%। এডিপি (বিশেষ) বরাদ্দ ৫৯.০০ লক্ষ টাকা, প্রকল্প ৪৪টি, অগ্রগতি- ১০%। এডিপি (বিশেষ) বরাদ্দ- ২৯১.০০ লক্ষ টাকা, প্রকল্প ২২৫টি, অগ্রগতি-১০%। এডিপি (বিশেষ) বরাদ্দ- ১০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-১ সুন্দরগঞ্জ উপজেলা, প্রকল্প ০৭টি, অগ্রগতি-১০%। এডিপি (বিশেষ) বরাদ্দ ৪০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-৪ গোবিন্দগঞ্জ উপজেলা, প্রকল্প ২০টি, অগ্রগতি-১০%। এডিপি (বিশেষ) বরাদ্দ- ১০.০০ লক্ষ টাকা, সংসদীয় এলাকা গাইবান্ধা-০৫ সাঘাটা ও ফুলছড়ি উপজেলা, প্রকল্প ১০টি, অগ্রগতি-১০%। এডিপি (বিশেষ) বরাদ্দ ৩৫.০০ লক্ষ টাকা, প্রকল্প ২৭টি, অগ্রগতি ২৩%। ফুলছড়ি উপজেলার টি বাঁধে কাঠ দ্বারা ঘাট নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	গাইবান্ধাকে কাঠ দ্বারা দৃষ্টি নন্দন সিড়ি নির্মাণের অনুরোধ জানানো হয়। (২) চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ের মধ্যে এবং কাজের গুণগতমান ঠিক রেখে সম্পন্ন করতে হবে।	পরিষদ, গাইবান্ধা। (২) নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা।
৫। স্বাস্থ্য বিভাগ, গাইবান্ধা।	সিভিল সার্জন, গাইবান্ধা সভায় জানান যে, (১) আগস্ট/২৬ মাসে সন্দেহজনক হামরোগী- ৯৪ জন। হাম সনাক্ত রোগীর সংখ্যা ০১ জন ও সন্দেহজনক হাম মৃত্যু- নাই, (২) আগস্ট/২০২৬ মাসে ডেঙ্গু আক্রান্ত ৬২ জন, (৩) এনসিডি কর্নার চলমান রয়েছে, (৪) আই কর্ণার চলমান রয়েছে, (৫) জরায়ুমুখ ও স্তন ক্যান্সার প্রতিরোধ বিষয়ক প্রকল্প চলমান রয়েছে, (৬) আগস্ট/২০২৬ মাসে কমিউনিটি ক্লিনিক ২০২৪৩২ জন সেবা প্রদান, ৫২৬৭ জন রেফার ও ২১টি নরমাল ডেলিভারি সম্পন্ন হয়েছে, (৭) আগস্ট/২০২৬ মাসে বিসিজি-৫২৫৯ জন, পেন্টা-১ ৫২২২ জন, পেন্টা-২ ৫৫২১ জন, পেন্টা-৩ ৫৯৯৩ জন, পিসিভি-১ ৫৩০৭ জন, পিসিভি-২ ৫৭৫৪ জন, পিসিভি-৩ ৫৮৬৬ জন, ওপিভি-১ ৫১৮২ জন, ওপিভি-২ ৫৮০৭ জন, ওপিভি-৩ ৬১৯৯ জন, এফআইপিভি-১ ৫৫৪২ জন, এফআইপিভি-২ ৩১৪৮জন, এমআর-১ ৬১১০ জন, এমআর-২ ৫৫১৮ জন, এইচপিভি ৮০৯৯	(১) দায়িত্বরত ডাক্তারগণকে দ্রুততর সময়ের মধ্যে আন্তরিকতার সাথে চিকিৎসা সেবা প্রদান করতে হবে। (২) হাম প্রতিরোধের বিষয়ে উপপরিচালক, স্থানীয় সরকার, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে	(১) সিভিল সার্জন, গাইবান্ধা। (২) উপপরিচালক , স্থানীয় সরকার, গাইবান্ধা। (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা।

<table>
<tr>
<td></td>
<td>জন শিশুকে টিকা প্রদান করা হয়েছে, (৮) হাসপাতালে চিকিৎসা প্রদান আগস্ট/২০২৬ মাসে বহিঃ বিভাগে ১২৪১৬৭ জন, জরুরি বিভাগে ১৮৮৯৩ জন এবং অন্তঃ বিভাগে ১১১৭৭ জন রোগীর চিকিৎসা প্রদান করা হয়েছে এবং নরমাল ডেলিভারি ৪১৬টি ও সিজারিয়ান ডেলিভারি-৩৬টি, (৯) ০১/০১/২০২৫ তারিখ হতে ২৯/১২/২০২৫ তারিখ পর্যন্ত ময়না তদন্ত হয়েছে ১৭৭টি, রিপোর্ট হয়েছে ১১৭টি, মুলতবী আছে -৬০ টি। ০১/০১/২০২৬ তারিখ হতে ৩১/০৮/২০২৬ তারিখ পর্যন্ত ২০২৬ সালের এ পর্যন্ত ময়না তদন্ত হয়েছে ৯২টি, রিপোর্ট হয়েছে ৪১টি, অবশিষ্ট রয়েছে ৫১টি। তিনি আরও জানান যে, ডেঙ্গুর জন্য আলাদা কর্নার স্থাপন করা হয়েছে।
(১০) সিভিল সার্জন, গাইবান্ধার নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহের জনবল সংক্রান্ত তথ্য:
<table>
<tr><th>পদের শ্রেণি</th><th>মঞ্জুরীকৃত পদের সংখ্যা</th><th>কর্মরত পদের সংখ্যা</th><th>শূন্য পদের সংখ্যা</th></tr>
<tr><td>১ম শ্রেণি</td><td>২৮৭</td><td>১০৭</td><td>১৮২</td></tr>
<tr><td>২য় শ্রেণি</td><td>২৩১</td><td>২২৩</td><td>০৮</td></tr>
<tr><td>৩য় শ্রেণি</td><td>৮৪৬</td><td>৪২৫</td><td>৪২১</td></tr>
<tr><td>৪র্থ শ্রেণি</td><td>১৮৭</td><td>৮৬</td><td>১০১</td></tr>
</table>
</td>
<td>সমন্বয় করে লিফলেট বিতরণসহ বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।
(৩) হাম, ডেঙ্গু ও পানিবাহিত বিভিন্ন রোগের বিষয়ে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৪) জেলা ও উপজেলার হাসপাতালসমূহে নিয়মিত পরিচ্ছন্ন অভিযান পরিচালনা করতে হবে।
(৫) সুন্দরগঞ্জসহ জেলার সকল উপজেলায় র‍্যাবিস এর পর্যাপ্ত ভ্যাক্সিন মজুদ রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>(৪) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল), গাইবান্ধা।
(৫) জেলা তথ্য অফিসার, গাইবান্ধা।</td>
</tr>
<tr>
<td>৬। জেনারেল হাসপাতাল, গাইবান্ধা।</td>
<td>তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, গাইবান্ধা জানান যে, (১) বর্তমানে হাসপাতালে অর্থো-সার্জারী, ইএনটি, স্কীন ভিডি, চক্ষু কনসালটেন্ট (সিনিয়র/ জুনিয়র) এর পদসমূহ শূন্য রয়েছে। শূন্য পদসমূহ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করা হয়েছে, (২) তরল অক্সিজেন সরবরাহ করায় সেন্ট্রাল অক্সিজেন লাইন চালু রয়েছে, (৩) আগস্ট/২০২৬ হাসপাতালে মোট ১৩৬ জন গর্ভবতী সন্তান প্রসব করেন। তন্মধ্যে সিজারিয়ানের সংখ্যা ৩৫ জন এবং নরমাল সন্তান প্রসব ১০১ জন, (৪) এ মাসে Major সার্জারি ৯৬টি এবং Minor সার্জারি ১৩২৩ টি সম্পন্ন হয়, (৫) জেলা হাসপাতালে চলতি মাসে বহির্বিভাগে ২১,০২৫ জন, জরুরি বিভাগে ৬,২৯৬ জন রোগীর সেবা প্রদান করা হয়েছে এবং অন্তঃবিভাগে ৫,০১৬ জন রোগী ভর্তি ছিল, (৬) হাসপাতালে অবস্থানকৃত রোগীর বেড ওকুপেন্সি রেট ১৪৫.০ এবং এভারেজ লেংথ্ ২.২৪, (৭) অত্র হাসপাতালে ক্যাঙ্গারু মাদার কেয়ার, স্ক্যানু ও স্যামকর্ণার চালু আছে, (৮) হাসপাতালে ওসিসি কার্যক্রম চালু আছে, (৯) চলতি মাসে ২৭ জন ধর্ষিতার ধর্ষণজনিত পরীক্ষা সম্পন্ন হয়েছে, ০৯ জনের অপমৃত্যুর পোস্ট মর্টেম সম্পন্ন হয়েছে এবং ৩০ জনকে মেডিকেল সার্টিফিকেট দেওয়া হয়েছে, (১০) হাসপাতালে টেলিমেডিসিনের মাধ্যমে দূর-দূরান্তের রোগীদের বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে, (১১) জলাতঙ্ক মরণ ব্যাধি রোগ হতে রক্ষা পাওয়ার জন্য বিনামূল্যে কুকুর কামড়ানো ভ্যাকসিন প্রদান করা হয়, (১২) গর্ভবতী মায়েদের নিয়মিত এএনসি ও পিএনসি সেবা প্রদানের মাধ্যমে নরমাল ডেলিভারির উৎসাহ প্রদান করা হয়, (১৩)</td>
<td>(১) দায়িত্বরত ডাক্তারগণের নিয়মিত উপস্থিতি নিশ্চিতকরণ ও অধিকতর আন্তরিকতার সাথে চিকিৎসা সেবা প্রদান করতে হবে।
(২) হাসপাতালের অভ্যন্তর ও বহিরাঙ্গন যথাযথভাবে পরিচ্ছন্ন রাখতে হবে। এ বিষয়ে সরকারের নির্দেশনা মেনে নিয়মিত পরিচ্ছন্ন অভিযান পরিচালনা করতে হবে।</td>
<td>তত্ত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল, গাইবান্ধা।</td>
</tr>
</table>

	হাসপাতালে বিনামূল্যে ভায়া ও সিবিই সেবা প্রদান করা হচ্ছে, (১৪) হাসপাতালে বর্তমানে আলট্রাসনোগ্রাম, ইসিজি ও এক্স-রে মেশিন চালু রয়েছে, (১৫) হাসপাতালে মেজর, মাইনর সার্জারি/অপারেশন বিভাগ চালু আছে।		
৭। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।	উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা জানান যে, চলতি খরিপ-২/ ২০২৬-২৭ মৌসুমে গাইবান্ধা জেলায় ১৩৩১৩০ হেঃ রোপা আমন, ৩০৬৫ হেঃ শাক-সবজি, ১৩৫ হেঃ পেঁয়াজ, ৭৯৫ হেঃ মাষকলাই এবং ২২ হেঃ কলা এর লক্ষ্যমাত্রা পাওয়া গিয়েছে। ইতোমধ্যে ১৩৩৩৪০ হেঃ রোপা আমন, ২৮৮৫ হেঃশাকসবজি, ০ হেঃ পেঁয়াজ, ৪৫০ হেঃ মাষকলাই এবং ২২ হেঃ তুলা চাষা হয়েছে। রোপন ও বপন কার্যক্রম চলমান রয়েছে, (২) গাইবান্ধা জেলার ৭টি উপজেলায় ২৪৯টি ব্লকের কৃষি কার্ডের লক্ষ্যমাত্রা ৫,৭২,৮৬০ জন। ২৪/০৯/২০২৬ পর্যন্ত ২১টি ব্লকে অর্জন ৩৫০১৮ জন (৬.১১%)। যাচাইকৃত ২৯০৪৭ জন (৮৩%)। প্রত্যেক উপজেলায় ৩য় ব্লকের কৃষক কার্ডের তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে। ৩য় ব্লকের মোট তথ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা ১৫৭৫০ জন। ২৪/০৯/২০২৬ তারিখ পর্যন্ত ৩য় ব্লকে মোট তথ্য সংগ্রহ ৬০১৮ জন (৩৮.২১%), (৩) সেপ্টেম্বর/ ২০২৬ মাসে গাইবান্ধা জেলায় ৫৫৯৬ মেঃ টন ইউরিয়া ৫৫৩ মেঃ টন টিএসপি, ১৩৭৩ মেঃ টন ডিএপি এবং ১৩৫০ মেঃ টন এমওপি সারের বরাদ্দ পাওয়া গিয়েছে। এ ছাড়াও অতিরিক্ত বরাদ্দ হিসেবে ১০০০ মেঃটন ইউরিয়া, ৫০০ মেঃটন টিএসপি, ৫০০ মেঃটন ডিএপি এবং ৩০০ মেঃটন এমওপি সারের বরাদ্দ পাওয়া গিয়েছে। কৃষক পর্যায়ে বিক্রয়ের পর ২৪/০৯/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ডিলারগণের গোডাউনে ৫৩৭ মেঃ টন ইউরিয়া, ৩৪৭ মেঃ টন টিএসপি, ৬৯৮ মেঃ টন ডিএপি এবং ১৭০৬ মেঃ টন এমওপি সার মজুদ আছে। সার মনিটরিং কার্যক্রম অব্যাহত আছে। মাননীয় প্রতিমন্ত্রী মৎস্য ও প্রাণিসম্পদ দপ্তরের সারের চাহিদার সাথে কৃষি বিভাগের সারের চাহিদা প্রস্তুতের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	(১) কৃষি বিভাগের সারের চাহিদার সাথে মৎস্য বিভাগ এবং প্রাণিসম্পদ বিভাগের সারের চাহিদা একত্রে প্রেরণ করতে হবে। (২) সার বিষয়ে অপপ্রচার বন্ধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৩) ২০২৬-২৭ মৌসুমে জেলায় রোপা আউশ চাষযোগ্য জমিতে শতভাগ চাষ নিশ্চিত করতে হবে।	উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাইবান্ধা।
৮। জেলা প্রাণিসম্পদ অফিস, গাইবান্ধা।	সিভিল সার্জন, গাইবান্ধা জানান যে, সুন্দরগঞ্জ উপজেলার সর্বানন্দ ইউনিয়নে ২০ জন ও তারাপুর ইউনিয়নে ০২ জনসহ মোট ২২জন ব্যক্তি এনথ্রাক্স রোগে আক্রান্ত হয়েছে। সভাপতি এনথ্রাক্স রোগ প্রতিরোধের বিষয় মাইকিং, প্রতি শুক্রবার জুম্মার দিনে মসজিদে খুতবার পূর্বে আলোচনা, এনথ্রাক্স রোগের ভ্যাকসিন প্রদানের বিষয়ে কর্মী নিয়োগ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা জানান যে, (১) প্রাণিসম্পদের উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে জেলা প্রাণিসম্পদ দপ্তর, গাইবান্ধার আওতায় আগস্ট/ ২০২৬ মাসে ৬৪১৪ টি গবাদি পশুকে কৃত্রিম প্রজনন করানো হয়েছে। উৎপাদিত বাছুরের সংখ্যা-২২০৫টি, (২) খাদ্য নিরাপত্তা ও গবাদি পশু-পাখির স্বাস্থ্য সুরক্ষায় আগস্ট/২০২৬ মাসে ৩,৮৯,১৮৮ মাত্রার টিকা, ৯৪০৩২টি পশু-পাখির চিকিৎসা প্রদান করা হয়েছে। (৩) নিরাপদ খাদ্য উৎপাদন খামার স্থাপন ও বেকার সমস্যা সমাধানে আগস্ট/২০২৬ মাসে ৯০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। (৪) লাম্পিস্কিন ডিজিজ (LSD) ও তড়কা রোগ সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে	(১) এনথ্রাক্স রোগ প্রতিরোধে সুন্দরগঞ্জ উপজেলায় গরু, মহিষ, ভেড়াসহ গবাদিপশুকে রিং ভ্যাক্সিনেশনের আওতায় আনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। (২) জেলার সকল মসজিদে জুম্মার নামাজের পূর্বে খুতবার সময়ে এনথ্রাক্স রোগের বিষয়ে সচেতনতামূলক আলোচনার বিষয়টি নিশ্চিত করতে হবে। (৩) সুন্দরগঞ্জ উপজেলার সর্বানন্দ ইউনিয়নসহ সকল	(১) উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা। (২) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গাইবান্ধা। (৩) জেলা তথ্য অফিসার, গাইবান্ধা। (৪) উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন,

	কর্মকর্তা, কর্মচারী এবং খামারীদের সমন্বয়ে এবং জনপ্রতিনিধিগণের উপস্থিতিতে আগস্ট/২০২৬ মাসে ৩৮টি সচেতনতা সভা, ৪০০টি লিফলেট বিতরণ এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতায় জেলা প্রাণিসম্পদ দপ্তর, গাইবান্ধার ০৩টি প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পসমূহ: (ক) প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর, (খ) পিপিআর নির্মূল ও ক্ষুরারোগ নিয়ন্ত্রণ, (গ) সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থসামাজিক ও জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প। মাননীয় প্রতিমন্ত্রী প্রাণিসম্পদ দপ্তরের সারের চাহিদা নিরূপণ বিষয়ে আলোচনা করেন।	বাজারে কোন গরু জবাই করার পূর্বে প্রাণিসম্পদ অফিস হতে প্রত্যয়ন গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে। (৪) সুন্দরগঞ্জ উপজেলার গবাদি পশু ভ্যাকসিনেশনের আওতায় আনয়নের লক্ষ্যে প্রয়োজনে অন্য এলাকা হতে কর্মী পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৫) প্রতিটি গরুকে ভ্যাকসিন প্রদানের লক্ষ্যে সরকারি বিধি মোতাবেক হারে সার্ভিস চার্জ গ্রহণ করা যেতে পারে। (৬) কৃত্রিম প্রজনন, প্রজেনী সংগ্রহ, গবাদি পশুর টিকা প্রদান, রোগ অনুসন্ধানের নমুনা সংগ্রহ ও মেডিকেল ক্যাম্প পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	গাইবান্ধা।
৯। জেলা মৎস্য অফিস, গাইবান্ধা।	জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, (১) মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে জেলায় আগস্ট/২০২৬ মাসে যমুনা নদীতে ইলেকট্রিক শক দিয়ে মাছ ধরা প্রতিরোধের বিষয়ে সচেতনতা সভার মাধ্যমে জনগণকে অবহিত করা হয়েছে, (২) মৎস্য চাষি/মৎস্যজীবী/ সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগস্ট/২০২৬ নিষিদ্ধ পিরানহা মাছ চাষ রোধে ১টি, আফ্রিকান মাগুর প্রতিরোধে ১টি, কারেন্ট জাল নিধন রোধে ০২টি, ফিক্স ইঞ্জিন রোধে ০১টি এবং চায়না দুয়ারি জাল রোধে ০২টি সচেতনতামূলক সভার আয়োজন করা হয়েছে, (৩) প্রদর্শনী খামার পরিদর্শন ৫২টি, পানি পরীক্ষা ও পরামর্শ প্রদান ৬৭টি, (৪) মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন ১৯৫০ বাস্তবায়নের লক্ষ্যে ৪৮টি হাট-বাজার পরিদর্শন করা হয়েছে। সভাপতি ২৫০/৩০০ টাকায় ইলিশ মাছ বিক্রয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মাননীয় প্রতিমন্ত্রী মৎস্য দপ্তরের সারের চাহিদা নিরূপণ বিষয়ে আলোচনা করেন।	(১) ২৫০/৩০০ টাকায় ইলিশ মাছ বলে মাছ বিক্রয়ের বিষয়ে যাচাই-বাছাই অন্তে ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) যমুনা নদীতে ইলেকট্রিক শক দিয়ে রাতে মাছ ধরা প্রতিরোধে কঠোরভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৩) মৎস্য চাষী/ মৎস্যজীবী/ সাধারণ জনগণের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভার সংখ্যা বৃদ্ধি করতে হবে। (৪) নিয়মিত হাট-বাজার পরিদর্শন	জেলা মৎস্য কর্মকর্তা, গাইবান্ধা।

<table>
<tr><td></td><td></td><td>করতে হবে।</td><td></td></tr>
<tr><td>১০। খাদ্য বিভাগ, গাইবান্ধা।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা সভায় জানান যে, (১) অভ্যন্তরীণ বোরো সংগ্রহ ২০২৬ এর আওতায় ধান, চাল ও গম নিম্নরূপ:
<table><tr><td>খাদ্যশস্য</td><td>লক্ষ্যমাত্রা</td><td>অর্জন</td><td>শতাংশ</td></tr><tr><td>ধান</td><td>৯৫৬৩</td><td>১৪৩৯৬</td><td>১৫১</td></tr><tr><td>সিদ্ধ চাল</td><td>২৯৫৭০</td><td>২৭২০৪</td><td>৯২</td></tr><tr><td>আতপ চাল</td><td>১২৮৯</td><td>১২৮৯</td><td>১০০</td></tr><tr><td>গম</td><td>৫৩০</td><td>০</td><td>০</td></tr></table>সংগ্রহের মেয়াদ ৩১/০৮/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।
২। (ক) অত্র জেলার ওএমএস এর তথ্য:
<table><tr><td>এলাকা</td><td>ডিলার সংখ্যা</td><td>বর্তমানে কর্মরত ডিলার</td><td>বরাদ্দ</td></tr><tr><td>গাইবান্ধা সদর পৌরসভা</td><td>১২</td><td>০৯ জন</td><td>দৈনিক ০৯ মে.টন চাল ও ০৯ মে. টন আটা</td></tr></table>ভোক্তা পর্যায়ে প্রতি কেজি চাল ও আটার বিক্রয় মূল্য যথাক্রমে ৩০/- ও ২৪/- টাকা।
২। (খ) খাদ্য বান্ধব কার্যক্রম:
<table><tr><td>জেলা</td><td>ডিলার সংখ্যা</td><td>ভোক্তা সংখ্যা</td><td>মাসিক বরাদ্দ</td></tr><tr><td>গাইবান্ধা</td><td>২১৩</td><td>১,৩৪,৬৭৬</td><td>৪০১৪ মেঃটন</td></tr></table>প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ১৫/০০ টাকা।
২। (গ) অত্র জেলার ওএমএস (টিসিবি):
<table><tr><td>জেলা</td><td>ডিলার সংখ্যা</td><td>ভোক্তা সংখ্যা</td><td>মাসিক বরাদ্দ</td></tr><tr><td>গাইবান্ধা পৌরসভা</td><td>১২৫</td><td>২,০৮,৯৫০</td><td>১০৪০</td></tr></table>প্রতি মাসে প্রত্যেক ভোক্তাকে ৫ কেজি করে চাল বিতরণ করা হচ্ছে। প্রতি কেজি চালের বিক্রয় মূল্য ৩০/- টাকা।
(৩) লটারিতে নির্বাচিত প্রকৃত কৃষকদের নিকট থেকে ধান সংগ্রহ করা হচ্ছে। সংশোধিত কৃষকের তালিকা খাদ্য গুদামে পাওয়া গেছে। কৃষকবান্ধব পরিবেশ নিশ্চিতকরণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে।
৪। জেলার মজুদ পরিস্থিতি:
<table><tr><td>জেলা</td><td>চাল</td><td>ধান</td><td>গম</td></tr><tr><td>গাইবান্ধা</td><td>৩৪,৩৭২</td><td>৯৬৫</td><td>১৭৮</td></tr></table></td><td>(১) চাল ও গম সংগ্রহের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে।
(২) ওএমএস ও খাদ্য বান্ধব কার্যক্রম নীতিমালা মোতাবেক পরিচালনা করতে হবে এবং ভালো মানের চাল প্রদান করতে হবে।
(৩) ওএমএস এর বরাদ্দ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।</td></tr>
<tr><td>১১। গণপূর্ত বিভাগ,</td><td>নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, গাইবান্ধা সভায় জানান যে, (১) সাঘাটা উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান,</td><td>চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং</td><td>নির্বাহী প্রকৌশলী,</td></tr>
</table>

গাইবান্ধা।	প্রকল্প শুরু এপ্রিল/২০১৭, প্রকল্প শেষ জুন/২০২৬, ভৌত অগ্রগতি-৬১%। ভবনের কাঠামোগত নির্মাণ, প্লাস্টার, স্যানেটারী, গ্রীল, দরজার চৌকাঠ এর কাজ সমাপ্ত হয়েছে। মার্বেল, টয়লেটে টাইলস স্থাপনের প্রস্তুতি চলমান রয়েছে। থাই স্থাপনের কাজ শুরু হয়নি, (২) সুন্দরগঞ্জ উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ চলমান, প্রকল্প শুরু এপ্রিল/২০১৭, প্রকল্প শেষ জুন/২০২৬, ভৌত অগ্রগতি-৭১%। কাঠামোগত নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। মার্বেলের ফিনিংশ ও ড্রেন এপ্রোন, রং, থাইয়ের কাজ চলমান রয়েছে। জলছাদ, পেভমেন্ট টাইলস, সাব-স্টেশন, জেনারেটর এর কাজ শুরু হয়নি।	কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে।	গণপূর্ত বিভাগ, গাইবান্ধা।
১২। সওজ, গাইবান্ধা।	নির্বাহী প্রকৌশলী, সওজ, গাইবান্ধা সভায় জানান যে, বামনডাঙ্গা (গাইবান্ধা)-শঠিবাড়ী-আফতাবগঞ্জ (দিনাজপুর) জেলা মহাসড়ক (জেড-৫০১৩) উন্নয়ন শীর্ষক প্রকল্প। চেইনেজ ০+০০০ কিমি হতে ১০+৮০০ কিমি পর্যন্ত সড়ক প্রশস্থকরণ, মজবুতিকরণ ও সার্ফেসিং কাজ। চুক্তিমূল্য ৩৫১৯.৯১ লক্ষ টাকা, কাজের অগ্রগতি ৮০%।	চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান সঠিক রেখে এস্টিমেট অনুযায়ী দ্রুত সম্পন্ন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, সওজ, গাইবান্ধা।
১৩। পাউবো, গাইবান্ধা।	নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা সভায় জানান যে, (১) যমুনা নদীর ডানতীরের ভাঙ্গন হতে ফুলছড়ি উপজেলাধীন কাতলামারী ও সাঘাটা উপজেলাধীন গোবিন্দি এবং হলদিয়া এলাকা রক্ষা (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের কাজ চলমান রয়েছে। প্রকল্পের অঙ্গসমূহ: নদী তীর সংরক্ষণ কাজ-১৩.১৬৪ কিঃমিঃ এবং বাঁধ পুনর্বাসন কাজ-১৫.০০ কিঃমিঃ। আগস্ট/২০২৬ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ভৌত অগ্রগতি ৯১% এবং আর্থিক অগ্রগতি ৭০৮.২৩ কোটি টাকা। প্রকল্পের মেয়াদ ডিসেম্বর/২০২৬ পর্যন্ত নির্ধারিত রয়েছে, (২) যমুনা নদী টেকসই ব্যবস্থাপনা প্রকল্প-১: নদী তীর সংরক্ষণ ও নদী শাসন (কম্পোনেন্ট-১) শীর্ষক প্রকল্পের গত ০৪/০২/২০২৪ খ্রি. তারিখে জিও জারী হয়। প্রকল্পের আওতাধীন এলাকা টাঙ্গাইল, সিরাজগঞ্জ ও গাইবান্ধা। প্রকল্প ব্যয় ৮৭৩.২৭ কোটি টাকা, তন্মধ্যে জিওবি ১৮৭.১১ কোটি, বিশ্ব ব্যাংকের ঋণ ৫৭৩.৭১ কোটি এবং নেদারল্যান্ড সরকার ও এআইআইবি'র অনুদান ১১২.৪৪ কোটি টাকা। প্রকল্পের গাইবান্ধা অংশের অঙ্গসমূহ: ফুলছড়ি পার্মিয়েবল গ্রয়েন/ টপ ব্লক পার্মিয়েবল গ্রয়েন দ্বারা নদীতীর রক্ষার কাজ। জমি অধিগ্রহণ/ ক্রয় (ফুলছড়ি) ১৫ হেক্টর। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ডিজাইন সার্কেল কর্তৃক নকসা ভেটিং সম্পন্ন হয়েছে। প্রকল্পের ভূমি অধিগ্রহণের ৪ ধারা নোটিশ জারী করা হয়েছে, (৩) করতোয়া নদীর সিস্টেম উন্নয়ন শীর্ষক প্রকল্পের গত ১০/০৭/২০২৬ তারিখে জিও জারী হয়। প্রকল্পের আওতাধীন এলাকা বগুড়া ও গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলার বিভিন্ন স্থান। প্রকল্পের গাইবান্ধা অংশের ব্যয় ৩৩৮.০৪ কোটি টাকা, (৪) নতুন উন্নয়ন প্রকল্পের প্রস্তাবনা: (ক) গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী এবং সদর উপজেলার চিথুলিয়া দিগর এলাকায় ব্রহ্মপুত্র-যমুনা নদীর বাম তীরে ভাঙ্গন প্রতিরোধের মাধ্যমে ব্রহ্মপুত্র ও জিঞ্জিরাম নদীর বেসিন ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্প। উক্ত প্রকল্পটি অনুমোদন ও বাস্তবায়িত হলে ফুলছড়ি উপজেলার এরেন্ডাবাড়ী ইউনিয়নের ৯টি চর নদী ভাঙ্গন হতে রক্ষা পাবে, (খ) যমুনা নদীর ডান তীরের ভাঙ্গন হতে গাইবান্ধা জেলার	(১) জেলায় চিহ্নিত নদী ভাঙ্গনের স্থানসমূহে জরুরিভিত্তিতে দ্রুততর সময়ে মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) নদী ভাঙ্গন রোধের নিমিত্ত প্রকল্প গ্রহণপূর্বক জরুরিভিত্তিতে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(১) নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, গাইবান্ধা। (২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।

	সুন্দরগঞ্জ উপজেলার চন্ডিপুর, কাপাসিয়া, শ্রীপুর ও সদর উপজেলার কামারজানি, গিদারী এবং ফুলছড়ি উপজেলার কঞ্চিপাড়া, উড়িয়া ও গজারিয়া এলাকা রক্ষা শীর্ষক প্রকল্প ডিপিপি অনুমোদন হলে দ্রুত প্রকল্প বাস্তবায়ন করা হবে (গ) গাইবান্ধা জেলার পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ ও সাঘাটা উপজেলার বিভিন্ন স্থানে করতোয়া কাটাখালী-বাঙ্গালী নদীর তীর সংরক্ষণ শীর্ষক প্রকল্প।		
১৪। এলজিইডি, গাইবান্ধা।	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধায় বর্তমানে গৃহীত প্যাকেজ/স্কীমের সংখ্যা- ১৩৩১টি । তন্মধ্যে ১০৩২টি প্যাকেজ/স্কীমের কার্যক্রম সমাপ্ত হয়েছে, ২১২টি প্যাকেজ/স্কীমের কার্যক্রম চলমান রয়েছে এবং ৮৭টি প্যাকেজের কার্যক্রম এখনও শুরু হয়নি। মাননীয় প্রতিমন্ত্রী গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম বাস্তবায়নে বিস্তারিত আলোচনা করেন।	গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, গাইবান্ধা।
১৫। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা।	শিক্ষা প্রকৌশল অধিদপ্তর গাইবান্ধার আওতাধীন জেলার ৭টি উপজেলায় ১৪টি বিভিন্ন প্রকল্পে সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নির্মাণ/উর্ধ্বমুখী সম্প্রসারণ/মেরামত সংস্কার/ফার্নিচার সরবরাহ কাজ চলমান রয়েছে। যা নিম্নরূপ: (১) নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্পের কার্যক্রম চলমান। বরাদ্দ ১৩১৩৪.৭০ লক্ষ টাকা, অগ্রগতি ৯৯%, (২) রাজস্ব বাজেটের অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক ভবন নির্মাণ (মাউশি), দরপত্র মূল্য ৩৫৩০.৩৩ লক্ষ টাকা, অগ্রগতি- ৪৫%, (৩) রাজস্ব বাজেটের অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক ভবন নির্মাণ (মাউশি), দরপত্র মূল্য ৯৪৭১.৮৬ লক্ষ টাকা, অগ্রগতি - ৪০%, (৪) সরকারি কলেজসমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প, বরাদ্দ ১৫৭৫.১৩০ লক্ষ টাকা, অগ্রগতি ৯৯%, (৫) ১০০ উপজেলায় ১টি করে টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প, বরাদ্দ ৫৬৯৯.৯৫ লক্ষ টাকা, অগ্রগতি ৫০%, (৬) ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প, বরাদ্দ ৭৩১.৫৭ লক্ষ টাকা, অগ্রগতি ৯৫%, (৭) রাজস্ব বাজেটের অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ কাজ (মাউশি), বরাদ্দ ৪০৩.৯৬ লক্ষ টাকা, অগ্রগতি ৯৫%, (৮) রাজস্ব বাজেটের অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের আসবাবপত্র সরবরাহ কাজ (টিএমইডি), বরাদ্দ ১৮৯.৮২ লক্ষ টাকা, অগ্রগতি ১০০%, (৯) রাজস্ব বাজেটের অধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার কাজ (মাউশি), বরাদ্দ ৩৯৮.৯৩ লক্ষ টাকা, অগ্রগতি ৯৫%, (১০) রাজস্ব বাজেটের অধীন বে-সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার কাজ (মাউশি), বরাদ্দ ১৬০৬.২৫ লক্ষ টাকা, অগ্রগতি ৯৫%, (১১) রাজস্ব বাজেটের অধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার কাজ (টিএমইডি), বরাদ্দ ১৩২৪.১১০ লক্ষ টাকা, অগ্রগতি ৯৫%, (১২) রাজস্ব বাজেটের অধীন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের মেরামত ও সংস্কার কাজ (টিএমইডি), বরাদ্দ ১৩১.৮৪ লক্ষ টাকা, অগ্রগতি- ৯৮%, (১৩) নির্বাচিত মাদ্রাসাসমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প, বরাদ্দ ৯৪৩৮.১৭ লক্ষ টাকা, অগ্রগতি ৯৯%,	গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা।

<table>
<tr><td></td><td>(১৪) সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন শীর্ষক প্রকল্প, বরাদ্দ ৩১১১.০৭০ লক্ষ টাকা, অগ্রগতি ৮৫।</td><td></td><td></td></tr>
<tr><td>১৬। বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা সভায় জানান যে, (১) ভূ-গর্ভস্থ সেচনালা নির্মাণ কাজ (৫০০ মি.), প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ- ৩০/০৬/২০২৮ খ্রি.। বরাদ্দ পাওয়া যায়নি, (২) গ্রুপ ফরমেশন কাজ, প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ- ৩০/০৬/২০২৮ খ্রি.। বরাদ্দ পাওয়া যায়নি, (৩) প্রশিক্ষণ কাজ, প্রকল্প শুরু ০১/০৭/২০২৩, প্রকল্প শেষ- ৩০/০৬/২০২৮ খ্রি.। বরাদ্দ পাওয়া যায়নি। বৃহত্তম বগুড়া ও গাইবান্ধা জেলা সমন্বিত সেচ এলাকা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) অনুমোদনের প্রক্রিয়াধীন আছে।</td><td>গৃহীত কার্যক্রম মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ), গাইবান্ধা।</td></tr>
<tr><td>১৭। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধা।</td><td>নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধা সভায় জানান যে, চলতি ২০২৬-২৭ অর্থবছরে আমন মৌসুমে খরা দেখা দিলে যে সমস্ত স্কিমে সেচের প্রয়োজন হবে সেগুলো চালু রাখা হয়েছে। বর্তমানে চালু সেচযন্ত্রের সংখ্যা :
<table>
<tr><th>সেযন্ত্রের ধরণ</th><th>মোট সেচযন্ত্রের সংখ্যা (টি)</th><th>চালুকৃত সেচযন্ত্রের সংখ্যা (টি)</th><th>প্রস্তুতকৃত সেচযন্ত্রের সংখ্যা (টি)</th><th>অব্যবহৃত সেচযন্ত্রের সংখ্যা (টি)</th></tr>
<tr><td>DTW</td><td>৪৬১</td><td>৩৮৫</td><td>৬৬</td><td>১০</td></tr>
<tr><td>LLP</td><td>১০৪</td><td>৫৬</td><td>৩০</td><td>১৮</td></tr>
</table></td><td>ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে হবে এবং পানির অপচয় রোধে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, গাইবান্ধা।</td></tr>
<tr><td>১৮। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা।</td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, (১) সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জানুয়ারি-২০২০, শেষ হওয়ার তারিখ: জুন- ২০২৭। (ক) অগভীর নলকূপ স্থাপন কাজ: মোট বরাদ্দ ১১৫২৮টি, সমাপ্ত- ১১৪৩২টি, চলমান- ৯৬টি, অগ্রগতি- ৯৮%, (খ) ২৪টি কমিউনিটি ভিত্তিক গ্রামীণ পানি সরবরাহ স্কিমের কাজ চলমান রয়েছে, অগ্রগতি ৯৮%, (গ) ০৩টি রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলমান রয়েছে। অগ্রগতি- ৬৮%, (২) মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জানুয়ারি-২০২১, শেষ হওয়ার তারিখ: ডিসেম্বর- ২০২৬। (ক) ২২৮টি স্মল পাইপড ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলমান রয়েছে, অগ্রগতি- ৯৮%, (খ) ০৬টি বৃহৎ ওয়াটার সাপ্লাই স্কিমের কাজ চলমান রয়েছে। অগ্রগতি ৫৫%, (গ) মানব সম্পদ উন্নয়ন প্রকল্পের স্যানিটেশন প্যাকেজের আওতায় পাবলিক টয়লেট ও কমিউনিটি টয়লেট নির্মাণ কাজ চলমান রয়েছে। যার অগ্রগতি ৫০%, (ঘ) স্থানীয় উদ্যোক্তা কর্তৃক প্রকল্পভুক্ত ইউনিয়নসমূহে হতদরিদ্র পরিবারের জন্য টুইন পিট ল্যাট্রিন স্থাপন কাজের বরাদ্দ-১৪৮৮৫টি, সমাপ্ত ১৪,৮৮৫টি, অগ্রগতি ১০০%, (ঙ) মানব সম্পদ উন্নয়নে উদ্বুদ্ধকরণ সভা- ৬৮৬টি, সচেতনতামূলক সভা ২২৮টি, অবহিতকরণ সভা- ০২টি, স্বাস্থ্য কর্মীদের প্রশিক্ষণ সভা ০৬টি, ইউনিয়নে পরিষদের সদস্যদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ ৬৫টি এবং ওয়ার্ড পর্যায়ে হাইজিন বিষয়ক প্রশিক্ষণ ১১৭০টি সুষ্ঠুভাবে</td><td>চলমান প্রকল্পসমূহ নির্ধারিত সময়ে এবং কাজের মান ঠিক রেখে সম্পন্ন করতে হবে।</td><td>নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা।</td></tr>
</table>

	সম্পন্ন হয়েছে। অগ্রগতি- ১০০%, (৩) বাংলাদেশের ২৩ পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জুলাই ২০১৭, শেষ হওয়ার তারিখ: ডিসেম্বর-২০২৫ (মেয়াদ বৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন)। (ক) গোবিন্দগঞ্জ উপজেলায় ৩.২৫ কিঃমিঃ ড্রেন নির্মাণ, অগ্রগতি-১০০%, (খ) ০৪টি পরীক্ষামূলক নলকূপ, ০২টি উৎপাদন নলকূপ, ০৩টি পাম্প হাউজ, ৬৫টি পানির উৎস এবং ০১টি ২০০ ঘন মিঃ ঘন্টা ধারণ ক্ষমতা সম্পন্ন গ্রাউন্ড ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট কাজ, অগ্রগতি ১০০%, (গ) ০৭টি পাবলিক টয়লেটের মধ্যে ০৪টি সমাপ্ত (জায়গার জটিলতার কারণে ০৩টি সম্ভব হয়নি), সার্বিক অগ্রগতি- ১০০%, (ঘ) ২০টি কমিউনিটি ল্যাট্রিনের মধ্যে ১৮টি সমাপ্ত, সার্বিক অগ্রগতি- ১০০%, (ঙ) ফিক্যাল স্লাজ ম্যানেজমেন্ট সেড এর নির্মাণ কাজ ০১টি, কাজের অগ্রগতি ৯০%, (চ) গোবিন্দগঞ্জ উপজেলায় ০১টি পানি সরবরাহ অফিস ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে, অগ্রগতি ২৫%, (৪) গ্রামীণ স্যানিটেশন প্রকল্প: প্রকল্প শুরু হওয়ার তারিখ জুলাই ২০২৫, শেষ হওয়ার তারিখ জুন ২০২৮, (ক) সুন্দরগঞ্জ উপজেলায় ১৭২৫টি টুইন পিট ল্যাট্রিন স্থাপন কাজ, অগ্রগতি ২৫%, গাইবান্ধা জেলার বিভিন্ন উপজেলায় ২৮টি কমিউনিটি টয়লেট নির্মাণ কাজ, অগ্রগতি ১০%।		
১৯। স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), গাইবান্ধা।	সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সভায় জানান যে, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), গাইবান্ধা জেলায় কোন উন্নয়নমূলক কার্যক্রম চলমান নেই।	জেলা এ অধিদপ্তরের অধীন স্বাস্থ্য বিভাগের ভবনসমূহ প্রয়োজনীয় মেরামত ও সংস্কারের জন্য বরাদ্দ প্রাপ্তির আবেদন করে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে গৃহীত প্রকল্প মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে।	সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গাইবান্ধা।
২০। বিক্রয় ও বিতরণ বিভাগ-১, নেসকো পিএলসি, গাইবান্ধা।	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১, গাইবান্ধা সভায় জানান যে, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ নেসকো পিএলসি, গাইবান্ধায় বর্তমান চাহিদা ১২.২০ মেগাওয়াট এবং বরাদ্দ ১২.২০ মেগাওয়াট। বর্তমানে কোন লোড শেডিং নেই। আসন্ন গ্রীষ্মকালীন তাপদাহে ও প্রাকৃতিক দুর্যোগে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে জরুরি মেরামত ও সংরক্ষণ কাজ অব্যাহত রয়েছে। মাননীয় প্রতিমন্ত্রী বিদ্যুৎ ঘাটতির বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং সীমিত আকারে লোড শেডিং থাকবে মর্মে জানান। সরকারি ও বেসরকারি অফিসসমূহের ভবনের ছাদ ব্যবহার করে সৌর বিদ্যুৎ উৎপন্ন করে নেট মিটারিংয়ের মাধ্যমে জাতীয় গ্রিডে বিদ্যুৎ সরবরাহ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	(১) সরকারি দপ্তরের বিদ্যুৎ ব্যবহারে সর্বোচ্চ সাশ্রয় ও মিতব্যয়িতা নিশ্চিত করতে হবে। (২) সরকারি দপ্তরসমূহে প্রয়োজন ব্যতীত বৈদ্যুতিক বাতি, ফ্যান, এয়ার কন্ডিশনার, কম্পিউটার ও অন্যান্য বৈদ্যুতিক সরঞ্জাম চালু রাখা যাবে না। (৩) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।	(১) সকল দপ্তর প্রধান, গাইবান্ধা। (২) নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-১ ও ২, নেসকো পিএলসি, গাইবান্ধা।
২১। বিক্রয় ও বিতরণ বিভাগ-২, নেসকো পিএলসি, গাইবান্ধা।	নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ-২, গাইবান্ধা সভায় জানান যে, বিক্রয় ও বিতরণ বিভাগ-২ নেসকো পিএলসি, গাইবান্ধায় বর্তমানে গড় বিদ্যুৎ এর চাহিদা ১০.০০ (দশ) মেগাওয়াট এবং গড় বরাদ্দ ১০.০০ (দশ) মেগাওয়াট। নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে জরুরি মেরামত ও সংরক্ষণ কাজ অব্যাহত রয়েছে। সরকারি আধা-সরকারি এবং		

	স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের পত্র প্রেরণ করা হয়েছে। সরকারি দপ্তর/ আবাসিক কোয়ার্টারসহ প্রি-পেইড মিটার স্থাপন প্রকল্প চলমান রয়েছে।		
২২। গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, গাইবান্ধা।	সিনিয়র জিএম, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, গাইবান্ধা সভায় জানান যে, অন্তর্ভুক্ত বিদ্যুতায়িত উপজেলা-০৫টি (গাইবান্ধা সদর, পলাশবাড়ী, গোবিন্দগঞ্জ, সাঘাটা ও ফুলছড়ি), (২) সরকারি/ আধাসরকারি ৫২টি প্রতিষ্ঠানে মোট ৭৬,৭৬,৪৩০/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। আগস্ট ২০২৬ মাস পর্যন্ত লাইন নির্মাণ ৫৫২৫.৯৯৪ কিঃমিঃ, এ মাসে লাইন নির্মাণ-১.৭৬২কিঃমিঃ। মোট সেচ গ্রাহক সংখ্যা ৯৩৫০টি, এসটিডব্লিউ ৮৫৬৪টি, ডি ডব্লিউটি ৭৩০ টি ও এলএলপি - ৫৬টি, এ মাসে সেচ সংযোগ-০০টি। শিল্প সংযোগ ২৮৩৩ টি, (ক্ষুদ্র শিল্প ২৭৬২টি ও বৃহৎ শিল্প ৭১ টি) এ মাসে সংযোগ- ০৬টি। মোট গ্রাহক সংখ্যা- ৪,১৪,০৯৩ টি। (আবাসিক ৩,৭৩,৭৮৬টি, বানিজ্যিক ২২,৭৩৭টি, সেচ- ৯,৩৫০টি, শিল্প ২,৮৩৩টি, দাতব্য প্রতিষ্ঠান ৫০৮৩টি ও অন্যান্য ৩০৪ টি)। এ মাসে সংযোগ-১৫০৩টি। বর্তমান চাহিদা ৪৪৪৬৪ মেগাওয়াট ঘণ্টা এবং প্রাপ্তি ৩৭৯৯৩৮ মেগাওয়াট ঘণ্টা। বর্তমানে লোড শেডিং ৬৪৭১ মেগাওয়াট ঘণ্টা। গণশুনানী-২৬টি এবং উঠান বৈঠক- ১৪টি।	(১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। (২) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (৩) চলতি রোপা আমন মৌসুমে সেচ সুবিধা প্রদানে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(১) সকল দপ্তর প্রধান, গাইবান্ধা। (২) সিনিয়র জিএম, গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, গাইবান্ধা।
২৩। রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর।	জিএম রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর এর প্রতিনিধি সভায় জানান যে, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতির আওতায় সাদুল্লাপুর ও সুন্দরগঞ্জ উপজেলায় মোট গ্রামের সংখ্যা ৩১৬টি, বিদ্যুদায়িত গ্রামের সংখ্যা-৩১৬টি, মোট নির্মিত লাইন ৩৬২৬.১৬ কিঃমিঃ, মোট গ্রাহকের সংখ্যা- ২,৩৫,৩৮৪ জন। বিভিন্ন সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহে ৫২,৩২,৮১৩/- টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে সহযোগিতা কামনা করেন। মডেল মসজিদ, সাদুল্লাপুর, গাইবান্ধা এর ২,৫৫,৫৮৩/০০ টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বর্তমান চাহিদা ৩০.৬৫৪ মেগাওয়াট এবং প্রাপ্তি ২৩.৫৮ মেগাওয়াট। সমিতির আওতায় ৫৬৯৩টি সেচ সংযোগের মাধ্যমে সেচ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সেচ গ্রাহকগণকে রাত ১১.০০ ঘটিকার পর থেকে সেচ কার্য পরিচালনা করার জন্য লিফলেট বিতরণ ও মিটিং আয়োজন করা হচ্ছে।	(১) জেলায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। (২) বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে সংশ্লিষ্টদের পত্র প্রেরণ করতে হবে।	জিএম, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর।
২৪। পরিবার পরিকল্পনা অধিদপ্তর, গাইবান্ধা।	উপপরিচালক, পরিবার পরিকল্পনা, গাইবান্ধা সভায় জানান যে, আগস্ট/২০২৬ মাসে সক্ষম দম্পতি ৫,৫৭,২৭১ জন, মোট গ্রহীতা- ৪,৩৮,৭৬৯ জন, গ্রহণকারীর হার- ৭৮.৭৪%। মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে আগস্ট ২০২৬ মাসে ৫১টি ডেলিভারি সেবা এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের স্বাভাবিক প্রসব সেবা ২২৮টি প্রদান করা হয়েছে।	স্বাভাবিক প্রসব সেবার সংখ্যা ও মান বাড়াতে হবে।	উপপরিচালক, পরিবার পরিকল্পনা, গাইবান্ধা।
২৫। জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা সভায় জানান যে, (১) সামাজিক নিরাপত্তামূলক (ভাতা) কার্যক্রমে গাইবান্ধা জেলায় সর্বমোট ৩,৩০,৬৫৬ জন সুবিধাভোগী জিটুপি পদ্ধতিতে ভাতা সুবিধা পাচ্ছেন। ২০২৫-২৬ অর্থবছরে সুবিধাভোগীদের লাইভ ভেরিফিকেশন/ যাচাইয়ের মাধ্যমে ৪র্থ কিস্তিতে ৩২৯৪২৭ জনের পেরোল প্রেরণ করা হয়েছে। ১০৮৭০ জনের ভাতা মোবাইল জটিলতার কারণে পেরোল প্রদান করা	(১) নীতিমালা মোতাবেক ফ্যামিলি কার্ড কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। (২) গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাইবান্ধা।

	হয় নাই, (২) শিশু শিক্ষা সুরক্ষা কার্যক্রম: (ক) গাইবান্ধা জেলায় ০৩টি প্রতিষ্ঠান রয়েছে, সরকারি শিশু পরিবার (বালক) আসন ১০০টি, বর্তমান নিবাসী ৫৯ জন, সরকারি শিশু পরিবার (বালিকা), আসন ১০০, বর্তমান নিবাসী ৭৭ জন এবং সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষা কার্যক্রম, আসন ১০, বর্তমান নিবাসী ০৭ জন। সরকারি শিশু পরিবার (বালক) এ ০৩টি ভবন (ডরমেটরি ভবন, স্টাফ কোয়ার্টার ও প্রশিক্ষণ কেন্দ্র) নির্মাণ কাজ চলমান রয়েছে। অগ্রগতি- ৭০%, (খ) শিশু সুরক্ষা কর্মসূচির মাধ্যমে সুবিধা বঞ্চিত শিশুর কেস ম্যানেজমেন্ট ৫৭৬ শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধে শিশুর সহায়তায় ১০৯৮ এ সেবা সংক্রান্ত ক্যাম্পেইন ৪৩৩ টি, বাল্যবিবাহ নিরোধ উঠান বৈঠক ৩০টি, ডাইভার্সন এ মুক্তিপ্রাপ্ত শিশু ও বিভিন্ন নির্যাতনের শিকার শিশুদের প্যারা কাউন্সিলিং সেবা প্রদানে সহায়তা ১৭০ জন, শিশু শ্রমের সাথে জড়িত শিশু জরিপ ২৭৬টি, ১০৯৮ এর ফোন কলের মাধ্যমে শিশুকে সেবা দানের সহায়তা ৩৮ জন, উপজেলা ও জেলা শিশু কল্যাণ বোর্ডের সভা আয়োজনে সহায়তা ১৯টি, কেস কনফারেন্স ০৭টি, মাঠ পর্যায়ে কমিউনিটি ভিত্তিক শিশু সুরক্ষা কমিটির সভার আয়োজন ২১টি। চলতি মাসে কেস ম্যানেজমেন্ট ৩৫টি, ১০৯৮ ক্যাম্পেইন ১০টি, সেবা ০৫টি, হস্তান্তরিত ০১ জন, সংস্থায় প্রেরণ ০২ জন, (৩) সমাজকল্যাণ পরিষদ ও চিকিৎসা সহায়তা কার্যক্রম: (ক) জাতীয় সমাজকল্যাণ পরিষদের গৃহ নির্মাণ বরাদ্দ এবং ভিক্ষাবৃত্তি নিরসনের বরাদ্দ বিভাজন প্রেরণ করা হয়েছে, (খ) হাসপাতাল সমাজসেবা কার্যক্রমে ২৯৩ জন রোগীকে ১,১২,৫৩২ টাকা সেবা প্রদান করা হয়েছে, (গ) শহর সমন্বয় পরিষদের মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও প্রবেশন কার্যক্রম চলমান (৬৮৩১ জন প্রশিক্ষণপ্রাপ্ত), (ঘ) ১,১৩,৯৮২ জন প্রতিবন্ধী শনাক্তকরণ সম্পন্ন, (ঙ) ক্যান্সার, কিডনী ইত্যাদি চিকিৎসা সহায়তায় ১১৬ জনকে ১,১৬,০০,০০০/- টাকা অনুদান প্রদান করা হয়েছে, (৪) নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংস্থা-১৪৩৭টি ও এতিমখানা ১২১টি। ফ্যামিলি কার্ড বাস্তবায়ন হালনাগাদ তথ্য: <table><tr><th>পরিবার/ খানার সংখ্যা</th><th>ইউনিটের নাম</th><th>ইউনিটভিত্তিক পরিবার/খানা</th><th>তথ্য সংগ্রহকারীর সংখ্যা</th><th>সুপারভাইজারের সংখ্যা</th></tr><tr><td rowspan="9">৭৪৩৮৫৯</td><td>সদর</td><td>১১৮৩৬৬</td><td>১৭৪</td><td>১৭</td></tr><tr><td>সুন্দরগঞ্জ</td><td>১৪১০৪৫</td><td>২১০</td><td>২১</td></tr><tr><td>সাদুল্লাপুর</td><td>৯৩৫১৩</td><td>১৩৯</td><td>১৪</td></tr><tr><td>গোবিন্দগঞ্জ</td><td>১৫৯৩০২</td><td>২৩৫</td><td>২৩</td></tr><tr><td>সাঘাটা</td><td>৮৪৬৬৫</td><td>১২৫</td><td>১২</td></tr><tr><td>পলাশবাড়ী</td><td>৭৭৮২৫</td><td>১২০</td><td>১২</td></tr><tr><td>ফুলছড়ি</td><td>৪৭৭০৪</td><td>৭৩</td><td>০৮</td></tr><tr><td>শহর সমাজসেবা</td><td>২১৪৩৮</td><td>৩৫</td><td>০৩</td></tr><tr><td colspan="2">মোট</td><td>৭৪৩৮৫৯</td><td>১১১১</td><td>১১১</td></tr></table>	(৩) জেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর ভাতা কার্যক্রমের আওতায় সুবিধাভোগীর সংখ্যা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে।	
২৬। যুব	উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে,	(১) গৃহীত কার্যক্রম	উপপরিচালক

<table>
<tr>
<td>উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।</td>
<td>(১) প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে যুবদের জন্য প্রশিক্ষণ কোর্স পরিচালনা: লক্ষ্যমাত্রা ৩৮০০ জন। জেলা কার্যালয়ে আগস্ট/২০২৬ মাসে প্রশিক্ষণ চলমান। ক্রমপুঞ্জিত ১৯৯৫০ জন। উপজেলা কার্যালয়ে ৭০১৫৯ জন, (২) প্রশিক্ষিত যুবদের জন্য ক্ষুদ্রঋণ প্রদান: লক্ষ্যমাত্রা - ৫,১৮,০০,০০০/- টাকা, আগস্ট/২০২৬ মাসে রাজস্ব কর্মসূচির আওতায় ঋণ বিতরণ ৪,৮০,০০০/- টাকা, ক্রমপুঞ্জিত ১৫,৭৭,৫৫,৭০০/- টাকা, উত্তরবঙ্গ প্রকল্পের মাধ্যমে ক্রমপুঞ্জিত ২৭,৪৯,৪৬,২০০/- টাকা, (৩) আত্মকর্মসংস্থান সৃষ্টি: আগস্ট/২০২৬ মাসে ৫৬ জন প্রশিক্ষিত যুব নারীকে আত্মকর্মী করা হয়েছে। ক্রমপুঞ্জিত ২৯,৮৬০ জন, (৪) স্বেচ্ছাসেবী যুব সংগঠন নিবন্ধিত ১৭৩টি, (৫) ২০২৪-২৫ অর্থবছরে ২১টি যুব সংগঠনের মাঝে ১০,৫০,০০০/- টাকা অনুদান বিতরণ করা হয়েছে।</td>
<td>যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। (২) উপজেলা ও জেলা পর্যায়ের প্রশিক্ষণগুলোতে মানসম্মত করতে হবে এবং দক্ষ প্রশিক্ষকগণকে দিয়ে সেশন পরিচালনা করতে হবে।</td>
<td>, যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।</td>
</tr>
<tr>
<td>২৭। মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।</td>
<td>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে,
(১)ভালনারেবল উইমেন বেনিফিট কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ চক্রের গাইবান্ধা জেলার সকল উপজেলায় আগস্ট/২০২৬ মাসে ভিডব্লিউবি খাদ্যের আদেশ জারী করা হয়েছে। উল্লেখ্য সাঘাটা ও সাদুল্লাপুর উপজেলায় পুষ্টি চাল বিতরণ করা হয়। উপজেলাসমূহের খাদ্য বিতরণের তথা নিম্নরূপ:
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>ইউনিয়ন সংখ্যা</th><th>খাদ্য বিতরণকৃত ইউনিয়ন সংখ্যা</th><th>খাদ্য অবিতরণ কৃত ইউনিয়ন সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>গাইবান্ধা সদর</td><td>১৩টি</td><td>১৩টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>গোবিন্দগঞ্জ</td><td>১৭টি</td><td>১৭টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>পলাশবাড়ী</td><td>০৮টি</td><td>০৮টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>সাঘাটা</td><td>১০টি</td><td>১০টি</td><td>-</td><td></td></tr>
<tr><td>ফুলছড়ি</td><td>০৭টি</td><td>০৭টি</td><td></td><td></td></tr>
<tr><td>সাদুল্লাপুর</td><td>১১টি</td><td>০৯টি</td><td>০২টি</td><td>-</td></tr>
<tr><td>সুন্দরগঞ্জ</td><td>১৫টি</td><td>১৫টি</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>সর্বমোট</td><td>৮১টি</td><td>৭৯টি</td><td>০২টি</td><td></td></tr>
</table>
(২) মা ও শিশু সহায়তা কর্মসূচি এর আওতায় ২০২৬-২৭ অর্থবছরে বরাদ্দ পাওয়া যায়নি।

)৩ (জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে ২০ জন করে মোট ১০০ জনে এবং পলাশবাড়ী ও ফুলছড়ি উপজেলায় প্রশিক্ষণ(WTC) কেন্দ্রে আধুনিক দর্জি বিজ্ঞান ট্রেডে ৬০ জনের ০৩ মাস মেয়াদী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে, (৪) ডেটি ৬০ কেয়ার সেন্টার-আসনের মধ্যেআগস্ট/২০২৬ মাসে ৪৩টি আসনে শিশু ভর্তি হয়েছে এবং ১৭টি আসন ফাঁকা রয়েছে। প্রতিদিনি গড় উপস্থিতি - ৩৫ জন, (৫) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় গাইবান্ধা জেলায় ৮১টি ইউনিয়নে ৮১টি এবং ০৪ টি পৌরসভায়</td>
<td>(১) জীবিকায়নের জন্য মহিলাদের মানসম্মতভাবে দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ প্রদান করতে হবে। (২) ভালনারেবল উইমেন বেনিফিট কর্মসূচির আওতায় খাদ্য বিতরণ যথাযথভাবে সম্পন্ন করতে হবে। (৩) মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উপকারভোগী নির্বাচন দ্রুত সম্পন্ন করতে হবে। (৪) সামাজিক রীতি নীতি মেনে নারীদের বিভিন্ন সমাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডে উদ্বুদ্ধ করতে জনসচেতনতামূলক সভা/উঠান বৈঠকে আলোচনা করতে হবে।</td>
<td>উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, গাইবান্ধা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td>০৫টি মোট ৮৬টি কিশোর-কিশোরী ক্লাব চালু রয়েছে। ৮৬টি কিশোর-কিশোরী ক্লাবে প্রতি সপ্তাহে ০২দিন করে (শুক্রবার ও শনিবার) ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে।
(৬) মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের উপজেলা ভিত্তিক ঋণের কিস্তি আদায়ের তথ্য নিম্নরুপ:
ভিত্তিক ঋণের কিস্তি আদায়ের তথ্য নিম্নরুপ:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>উপজেলার নাম</th><th>আসল</th><th>সার্ভিস চার্জ</th><th>মোট</th></tr>
<tr><td>০১</td><td>গোবিন্দগঞ্জ</td><td>১৭,১০০/</td><td>৮৮৫/-</td><td>১৭,৯৮৫/-</td></tr>
<tr><td>০২</td><td>ফুলছড়ি</td><td>২১,৩০০/</td><td>১,০৬৫/-</td><td>২২,৩৬৫/-</td></tr>
<tr><td>০৩</td><td>পলাশবাড়ী</td><td>১০,৫০০/-</td><td>৫০০/-</td><td>১১,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>সুন্দরগঞ্জ</td><td>১,৫০০/-</td><td>৭৫/-</td><td>১,৫৭৫/-</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৫০,৪০০/-</td><td>২,৫২০/-</td><td>৫২,৯২০/-</td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>২৮। জেলা পরিসংখ্যান অফিস, গাইবান্ধা।</td>
<td>উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, গাইবান্ধা সভায় জানান যে, (১) 'ব্যক্তি ও খানা পর্যায়ে জেলা ভিত্তিক ICT ব্যবহারের সুযোগ ও প্রয়োগ পরিমাপ' প্রকল্পের মূল তথ্য সংগ্রহ চলমান, (২) ভোক্তার মূল্য সূচক নিরূপণ ও মূল্যস্ফীতি নির্ধারণের কাজ ১১/০৯/২০২৬ হতে ১৯/০৯/২০২৬ পর্যন্ত মাঠ পর্যায়ে চলমান থাকবে, (৩) Household Income Expenditure Survey-26 এর তথ্য সংগ্রহ ০৮/০৯/২০২৬ হতে ২৯/০৯/২০২৬ পর্যন্ত চলমান।</td>
<td>গৃহীত শুমারী ও জরিপ কার্যক্রম মানসম্মতভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, গাইবান্ধা।</td>
</tr>
<tr>
<td>২৯। বিআরডিবি, গাইবান্ধা।</td>
<td>উপপরিচালক, বিআরডিবি, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, বিআরডিবির কার্যক্রম:
<table>
<tr><th>বিবরণ</th><th>বছরে আদায় যোগ্য</th><th>মাসে</th><th>বছর</th><th>ক্রমপুঞ্জিত</th></tr>
<tr><td>পুঁজি গঠন</td><td>৪০.০০ লক্ষ টাকা</td><td>১.২১ লক্ষ টাকা</td><td>২.৪১ লক্ষ টাকা</td><td>১৫৫১.০৮ লক্ষ টাকা</td></tr>
<tr><td>প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তা</td><td>১১০০.০০ লক্ষ টাকা</td><td>৪৬.৩২ লক্ষ টাকা</td><td>১০৮.৩৯ লক্ষ টাকা</td><td>১৯৬৬.২৮ লক্ষ টাকা</td></tr>
<tr><td>ঋণ আদায়</td><td>১১০০.০০ লক্ষ টাকা</td><td>৬৩.৯২ লক্ষ টাকা</td><td>১১৫.৯৬লক্ষ টাকা</td><td>১১২৫.৮৭ লক্ষ টাকা</td></tr>
<tr><td>কোভিড ১৯-প্রণোদনা ঋণ আদায়</td><td>৩৬.৬১ লক্ষ টাকা</td><td>৩.৬২ লক্ষ টাকা</td><td>৩.৯৩ লক্ষ টাকা</td><td>৩৫০.০০ লক্ষ টাকা</td></tr>
</table>
(১) গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পটি ৩০/০৬/২০২৩ তারিখ সমাপ্ত হয়েছে। বর্তমানে এটি গাইবান্ধা জেলায় ০৭টি উপজেলায় কর্মসূচি আকারে চলমান রয়েছে। প্রকল্পের ২য় পর্যায় রংপুর বিভাগের দরিদ্রতম ৫টি জেলায় (রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট ও দিনাজপুর) সম্প্রসারণের লক্ষ্যে ডিপিপি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের আইজিএ ভিত্তিক প্রশিক্ষণ ও প্রশিক্ষণোত্তর ঋণ সহায়তার মাধ্যমে ১৭৮০০ জন সুফলভোগীর কর্মসংস্থান</td>
<td>ঋণ আদায়ের হার আরও বৃদ্ধি করতে হবে।</td>
<td>উপপরিচালক, বিআরডিবি, গাইবান্ধা।</td>
</tr>
</table>

	নিশ্চিত করা হয়েছে, (২) গাইবান্ধা সমন্বিত পল্লী দারিদ্র্য দূরীকরণ প্রকল্পের আওতায় One Village One Product মডেলে স্থাপিত পণ্য ভিত্তিক ২২টি পল্লীর উৎপাদন ও মার্কেট লিংকেজ কার্যক্রম অব্যাহত রাখার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয়েছে।		
৩০। ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা।	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, প্রতিনিধি সভায় জানান যে, গাইবান্ধা জেলায় মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম প্রকল্পে প্রাক-প্রাথমিক ৪৪০টি, সহজ কোরআন শিক্ষা-৬৭৭টি এবং বয়স্ক শিক্ষা কেন্দ্র-১২টি সহ সর্বমোট ১১২৯টি কেন্দ্র নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। দারুল আরকাম ইবতেদায়ী মাদ্রাসা ১৪টি বিদ্যমান রয়েছে।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, গাইবান্ধা।
৩১। জেলা শিক্ষা বিভাগ, গাইবান্ধা।	জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে যেন অপ্রীতিকর ঘটনা ও বিশৃংখলা সৃষ্টি না হয় এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মনিটরিং জোরদার করা হয়েছে। মাধামিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ইএমআইএস এর আওতায় আইএমএস তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। মাধ্যমিক/ নিম্নমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের নতুন এমপিও, উচ্চতর স্কেল, বিএড স্কেল, এমপিও হতে নাম কর্তন, সংশোধনী আবেদন অনালইনে নিষ্পত্তি করা হচ্ছে। এটি একটি চলমান প্রক্রিয়া। শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন সেকেন্ডারী এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম এর আওতাভুক্ত এডুকেশনাল এক্সিলেন্স সাপোর্ট স্কীম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার্থীদের অংশগ্রহণে Startup Science Project & Innovation Idea Showcasing প্রগ্রামের জেলা পর্যায়ে আয়োজন। জেলা শিক্ষা অফিস ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে কর্মরত সকল কর্মকর্তাদের নিয়ে নিয়মিত পাঠদানের লক্ষ্যে প্রতিষ্ঠান পরিদর্শন অব্যাহত রয়েছে। ৫৩তম গ্রীষ্মকালীন জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি-২০২৬ প্রতিযোগিতা কার্যক্রম চলমান। জেলা শিক্ষা অফিস হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের আইসিটি বিষয়ক ইন হাউজ প্রশিক্ষণের কার্যক্রম চলমান রয়েছে। সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট ও গার্ল গাইড দল গঠন কার্যক্রম চলমান আছে। বাল্যবিবাহ রোধ ও মাদক দ্রব্যের কুফল সম্পর্কে শিক্ষক ও অভিভাবক, ছাত্র-ছাত্রীদের সচেতনতামূলক কার্যক্রম কার্যক্রম চলমান রয়েছে। নারী শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি ক্রীড়া ও স্কাউটিং কার্যক্রমে সম্পৃক্ত করা ও স্থানীয় উদ্যোগে বা উপজেলা পরিষদের সহায়তায় সাইকেল প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(১) শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। (২) সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট ও গার্ল গাইড দল গঠন করতে হবে। (৩) বাল্যবিবাহ রোধ ও মাদক দ্রব্যের কুফল সম্পর্কে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে। (৪) ছাত্রীদের মধ্যে যারা লেখাপড়ার পাশাপাশি সামাজিক কাজে যেমন- ক্রীড়া, স্কাউটিংসহ স্বেচ্ছাসেবী কাজে নিয়োজিত তাদের স্থানীয় উদ্যোগে বা উপজেলা পরিষদের সহায়তায় সাইকেল প্রদানসহ বিভিন্ন উৎসাহ প্রদান করতে হবে।	(১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা। (২) জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা। (৩) জেলা ক্রীড়া অফিসার, গাইবান্ধা। (৪) জেলা কালচারালার অফিসার, গাইবান্ধা। (৫) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা।
৩২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা।	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, (১) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের স্কুল ফিডিং কার্যক্রম (গাইবান্ধা সদর ও পলাশবাড়ী উপজেলা): প্রকল্প শুরু: ২৮/১২/২০২৫, প্রকল্প শেষ হওয়ার তারিখ: ৩১ ডিসেম্বর ২০২৭। জেলার দুইটি উপজেলা পলাশবাড়ী ও গাইবান্ধা সদরের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্কুল ফিডিং কার্যক্রম চলমান রয়েছে, (২)	(১) স্কুল ফিডিং কার্যক্রমে শিশুদের মানসম্মত খাদ্য সরবরাহের বিষয়টি নিশ্চিত করতে হবে। (২) শিক্ষার সুষ্ঠু	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, গাইবান্ধা।

<table>
<tr><td></td><td>প্রাথমিক বৃত্তি পরীক্ষা ২০২৬ এর ডিআর ভুক্ত শিক্ষার্থী: (ক) সরকারি- ৮৬৫২ জন, (খ) বেসরকারি ৪৫৯২ জ, (৩) সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে, (৪) গাইবান্ধা জেলায় ১৪৬৬টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মোট ১,১৩,০৮৫ টি ফলদ, বনজ ও ওষধি বৃক্ষ রোপন করা হয়েছে।</td><td>পরিবেশ বজায় রাখার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয়সমূহ মনিটরিং করতে হবে। (৩) নৈতিক শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td>৩৩। পিটিআই, গাইবান্ধা।</td><td>সুপারিনটেনডেন্ট, পিটিআই, গাইবান্ধা সভায় জানান যে, পিটিআই এ পরিমার্জিত ডিপিএড (প্রাথমিক শিক্ষকগণের জন্য মৌলিক প্রশিক্ষণ-বিটিপিটি) শিক্ষাবর্ষ: জানুয়ারি-অক্টোবর-২০২৬ সেশনের প্রশিক্ষণার্থীগণের অনুশীলন পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। পিটিআই এর জনবলের তথ্য:
<table>
<tr><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত পদ</th><th>শূন্য পদ</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>৩৬</td><td>১৮</td><td>১৯</td><td>-</td></tr>
</table></td><td>গৃহীত প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।</td><td>সুপারিনটেন ডেন্ট, পিটিআই, গাইবান্ধা।</td></tr>
<tr><td>৩৪। জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, গাইবান্ধা।</td><td>সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, গাইবান্ধা সভায় জানান যে, জেলা সঞ্চয় অফিস/ ব্যুরো, গাইবান্ধার চলতি ২০২৬-২৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা ৫০ কোটি, ০৮ লক্ষ টাকা মাত্র। আগস্ট/ ২০২৬ মাসে বিনিয়োগের পরিমাণ- ০২ কোটি ১৬ লক্ষ ৫০ হাজার টাকা মাত্র। বিনিয়োগকারীর সংখ্যা ৩২ জন এবং উৎসে কর কর্তনের পরিমাণ ০৬ লক্ষ ১৪ হাজার টাকা মাত্র। বর্তমানে ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে সঞ্চয়পত্র ক্রয়-বিক্রয় সম্পূর্ণ অটোমেশন (ইএফটি) এর মাধ্যমে চলমান রয়েছে। যার মাসিক ও ত্রৈমাসিক মুনাফা সম্মানিত বিনিয়োগকারীগণের কাঙ্ক্ষিত ব্যাংক হিসেবে জমা হচ্ছে এবং জমা সংক্রান্ত তথ্যাদি মুঠোফোনে ক্ষুদেবার্তার মাধ্যমে পাচ্ছেন যা ডিজিটাল বাংলাদেশ গঠনে মাইল ফলক হিসেবে কাজ করছে। সঞ্চয় পত্রে সমন্বিত বিনিয়োগের পরিমাণ একক নামে ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা এবং যুগ্মনামে ১ (এক) কোটি টাকা করা হয়েছে। ১০ লক্ষ টাকা পর্যন্ত সঞ্চয়পত্র ক্রয়ের ক্ষেত্রে কোন ট্যাক্স সার্টিফিকেট লাগে না। ১০ লক্ষ টাকা অতিক্রম করলে আয়কর রিটার্ন জমার প্রাপ্তি স্বীকার পত্র লাগে। মাননীয় প্রতিমন্ত্রী সঞ্চয়পত্র বিক্রয় বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন।</td><td>(১) বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে প্রতিটি সরকারি দপ্তরের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে হবে।
(২) বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>সহকারী পরিচালক, জেলা সঞ্চয় অফিস, গাইবান্ধা।</td></tr>
<tr><td>৩৫। জেলা তথ্য অফিস, গাইবান্ধা।</td><td>জেলা তথ্য অফিসার, গাইবান্ধা সভায় জানান, প্রচার (মাইকিং): মোট সড়ক প্রচার করা হয় ১৮ ইউনিট, ডেঙ্গু বিষয়ক বিশেষ প্রচার ১৩ ইউনিট, চলচ্চিত্র প্রদর্শনী ১৭টি, পিএই কভারেজ ১৩টি, নারী সমাবেশ ০২টি, ফ্যামিলি সমাবেশ- ০১টি, উঠান বৈঠক ০৪টি, কমিউনিটি বৈঠক ২টি, পিভিসি ব্যানার স্থাপন- ০২টি</td><td>সকল দপ্তরের সাথে যোগাযোগ স্থাপনপূর্বক নিয়মিত প্রচার-প্রচারণা চালাতে হবে।</td><td>জেলা তথ্য অফিসার, গাইবান্ধা।</td></tr>
<tr><td>৩৬। জেলা নির্বাচন অফিস, গাইবান্ধা।</td><td>জেলা নির্বাচন অফিসার, গাইবান্ধার প্রতিনিধি জানান যে, স্থানীয় সরকার নির্বাচন উপলক্ষ্যে ৩১ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত মোট ভোটার সংখ্যা ২২,১৩,৮৩৭জন (পুরুষ ১০,৯৬,৬৮৬ জন এবং মহিলা ১১,১৭,১১৫ জন)। উপজেলা পরিষদ, পৌরসভা এবং ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষ্যে ২৭ আগস্ট ২০২৬ তারিখে সম্ভাব্য ভোটকেন্দ্রের তালিকা প্রকাশ করা হয়েছে।</td><td>(১) অবাধ ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠান করতে হবে। সে লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারগণকে প্রস্তুতি গ্রহণ করতে হবে।</td><td>(১) সকল উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা। (২) জেলা</td></tr>
</table>

উপজেলায় মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৮২৬টি, ০৪টি পৌরসভা মোট ভোটকেন্দ্রের সংখ্যা ৭০টি এবং ৮১টি ইউনিয়ন পরিষদে মোট ভোট কেন্দ্রের সংখ্যা ৮০৮টি। জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, গাইবান্ধায় প্রতিদিন জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত কার্যক্রমও আওতাধীন উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়ে প্রতিদিন নতুন ভোটার নিবন্ধন, ভোটার স্থানান্তর ও জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে।

(২) জেলায় নির্বাচন ভিত্তিক ভোট কেন্দ্র ও ভোটকক্ষের তথ্য:

নির্বাচনের নাম	ইউননিয়ন/ পৌরসভা/ উপজেলার সংখ্যা	ভোট কেন্দ্রের সংখ্যা	ভোট কক্ষের সংখ্যা
ইউনিয়ন পরিষদ নির্বাচন	৮১	৮০৮	৪,০২৫
পৌরসভা	৪	৭০	২৮৫
উপজেলা পরিষদ	০৭	৮২৬	৪১৮০

(৩) জেলার ভোটারের তথ্য:

জেলার নাম	পুরুষ ভোটার	মহিলা ভোটার	হিজড়া ভোটার	মোট ভোটার
গাইবান্ধা	১০,৯৬,৬৮৬	১১,১৭,১১৫	৩৬	২২,১৩,৮৩৭

(৪) গাইবান্ধা জেলার ৮১টি ইউনিয়নের নির্বাচন উপযোগী/অনুপযোগী ইউনিয়নের তথ্য:

উপজেলার নাম	ইউনিয়নের সংখ্যা	নির্বাচন উপযোগী	নির্বাচন অনুপযোগী
গাইবান্ধা সদর	১৩টি	১৩টি	০
সুন্দরগঞ্জ	১৫টি	১৩টি	০২টি
সাদুল্লাপুর	১১টি	০৪টি	০৭টি
পলাশবাড়ী	০৮টি	০৮টি	০
গোবিন্দগঞ্জ	১৭টি	১৭টি	০
সাঘাটা	১০টি	১০টি	০১টি
ফুলছড়ি	০৭টি	০৬টি	০১টি

(৫) পৌরসভা নির্বাচন সংক্রান্ত তথ্য

পৌরসভার সংখ্যা	নির্বাচন উপযোগী	নির্বাচন অনুপযোগী	মন্তব্য
০৪টি	০৪টি	-	-

(৬) উপজেলা পরিষদ নির্বাচন সংক্রান্ত তথ্য:

উপজেলার নাম	নির্বাচনের তারিখ	১ম সভার তারিখ	মেয়াদ উত্তীর্ণের তারিখ
গাইবান্ধা সদর	২১/০৫/২০২৪	০৯/০৬/২০২৪	০৮/০৬/২০২৯
সুন্দরগঞ্জ	২৯/০৫/২০২৪	২৫/০৭/২০২৪	২৪/০৭/২০২৯
সাদুল্লাপুর	২৯/০৫/২০২৪	০৩/০৭/২০২৪	০২/০৭/২০২৯
পলাশবাড়ী	২১/০৫/২০২৪	১০/০৬/২০২৪	০৯/০৬/২০২৯
গোবিন্দগঞ্জ	২১/০৫/২০২৪	০৬/০৬/২০২৪	০৫/০৬/২০২৯
সাঘাটা	০৮/০৫/২০২	০৬/০৬/২০২৪	০৫/০৬/২০২৯

(২) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।

নির্বাচন অফিসার, গাইবান্ধা।

		৪			
	ফুলছড়ি	০৮/০৫/২০২৪	০৬/০৬/২০২৪	০৫/০৬/২০২৯	
	মাননীয় প্রতিমন্ত্রী স্থানীয় সরকার নির্বাচনের প্রস্তুতি গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।				
৩৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিস, গাইবান্ধা।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান যে, ২০২৬-২৭ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা-কাবিখা) কর্মসূচির আওতায় প্রতি নির্বাচনী আসনভিত্তিক ২৫,০০,০০০/- টাকা হারে মোট ১,২৫,০০,০০০/- টাকা, চাল ২৫.০০০ মে.টন হারে ১২৫.০০০ মে.টন, গম ২৫.০০০ মে.টন হারে ১২৫.০০০ মে.টন এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় প্রতি নির্বাচনী আসনভিত্তিক ২০,০০,০০০/ - টাকা হারে মোট ১,০০,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রাপ্ত বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও মানবিক সহায়তাসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।	(১) বরাদ্দকৃত কাবিটা-কাবিখা, টিআর কর্মসূচি দ্বারা বিধি মোতাবেক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করতে হবে। (২) শীতের জন্য আগাম শীতবস্ত্র বরাদ্দ আনতে হবে।	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গাইবান্ধা।
৩৮। রংপুর সুগার মিলস লিঃ, মহিমাগঞ্জ, গাইবান্ধা।	ব্যবস্থাপনা পরিচালক, রংপুর সুগার মিলস লিঃ গাইবান্ধা সভায় জানান যে, মিলের আখ মাড়াই কার্যক্রম স্থগিত থাকায় মিলের অধীন সাহেবগঞ্জ কৃষি খামারের জমি অবৈধভাবে দখলকারীদের দখলে রয়েছে। এছাড়াও কতিপয় ব্যক্তি নিজেদের সার্থে সেচ পাম্পে অবৈধ বিদ্যুৎ সংযোগ নিয়ে সেচ কার্যক্রম পরিচালনা করছেন।	অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণসহ গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	ব্যবস্থাপনা পরিচালক, রংপুর সুগার মিলস লিঃ।
৩৯। বিসিক, গাইবান্ধা।	সহকারী মহাব্যবস্থাপক, বিসিক জানান যে, (১) বিসিক ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে ক্ষুদ্র ও কুটির শিল্পের ১০টি নিবন্ধন প্রদান করা হয়। ২০২৬-২০২৭ অর্থবছরে মোট ১৩, মাঝারী-০টি, ক্ষুদ্র-০৯টি ও কুটির ০৪টি, (২) ঋণ বিতরণ আগস্ট/ ২০২৬ মাসের ০৪ জন, টাকা ১৫.০০০ লক্ষ (২০২৬-২৭ অর্থবছরে মোট ০৬ জন, টাকা-২৩.০০ লক্ষ), (৩) উদ্যোক্তা সৃষ্টি ও উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। (২০২৬-২০২৭ অর্থবছরে আগস্ট/ ২০২৬ পর্যন্ত মোট প্রশিক্ষণ প্রদান ০০টি ও প্রশিক্ষণার্থী-০০ জন), (৪) বিসিক শিল্পনগরীর বাস্তবায়নাধীন শিল্প ইউনিটসমূহ চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে (শিল্প নগরীতে চালু শিল্প ইউনিট - ৪৩ টি ও বাস্তবায়নাধীন - ০৯টি), (৫) বিসিক শিল্পনগরীর শিল্প ইউনিটগুলো সার্ভিস চার্জ আদায় ও তদারকি চলমান, (৬) বিসিক অনলাইন মার্কেট উদ্যোক্তাদের পণ্যের প্রচার চলমান রয়েছে। ক্ষুদ্র উদ্যোক্তাদের বিভিন্ন প্রশিক্ষণ ও মেলা আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(১) উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে। (২) বন্ধ ইউনিটসমূহ চালু করার ব্যবস্থা নিতে হবে। (৩) বিসিক অনলাইন মার্কেট প্রচার বৃদ্ধি করতে হবে। (৪) ক্ষুদ্র উদ্যোক্তাদের বিভিন্ন প্রশিক্ষণ ও মেলা আয়োজন করতে হবে।	এজিএম, বিসিক, গাইবান্ধা।
৪০। পাট উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।	পাট উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, (১) পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন, ২০১০ বাস্তবায়নের নিমিত্ত আগস্ট/ ২০২৬ মাস ০১টি ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৫,০০০/- টাকা জরিমান আদায় করা হয়েছে। হাট-বাজারে প্রচার/প্রচারণা ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা চলমান রয়েছে, (২) পাট বাজারজাতকরণে চাষীদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়েছে, (৩) পাট আইন, ২০১৭ বাস্তবায়নে নিয়মিত হাটবাজার, পাটকল, চালকল, পাটের মজুদ পরিদর্শন ও উদ্বুদ্ধকরণের কাজ জনস্বার্থে অব্যাহত রয়েছে।	(১) দেশে উৎপাদিত পাট বীজ দ্বারা পাটের আবাদের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে। (২)পাটজাত পণ্য ব্যবহারের জন্য নিয়মিত হাট-বাজার ও চালকলে তদারকি বৃদ্ধি করতে হবে।	পাট উন্নয়ন কর্মকর্তা, গাইবান্ধা।

	মাননীয় প্রতিমন্ত্রী বিদেশ থেকে যেন পাটের বীজ আনতে না হয় এবং দেশে উৎপাদিত পাট বীজ ব্যবহারের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	(৩) পাট আইন ২০১৭ বাস্তবায়নে নিয়মিত পরিদর্শন কাজ অব্যাহত রাখতে হবে।	
৪১। শিশু একাডেমি, গাইবান্ধা।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, বাংলাদেশ শিশু একাডেমি, গাইবান্ধা জেলা শাখার আওতায় ২০২৬ সালের জন্য প্রশিক্ষণ কোর্সে সংগীত - ১৪ জন, নৃত্য - ২৭জন, চিত্রাঙ্কন - ৩০ জন, আবৃত্তি-২৩জন ও সুন্দর হাতের লেখা-২৫ জন মোট ১১৯ জন ছাত্র/ছাত্রী নিয়ে ০৫টি বিভাগে সপ্তাহে ০২(দুই) দিন সাংস্কৃতিক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। শিশু বিকাশ ও প্রাক-প্রাথমিক শিক্ষা কর্মসূচি ২০২৬ সালের জন্য শিশু বিকাশ ও প্রাথমিক ০২টি কেন্দ্রে ভর্তিকৃত ৬০ জন শিক্ষার্থীর পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশ শিশু একাডেমি, গাইবান্ধা জেলা শাখায় শিশুদের পড়ার উপযোগী লাইব্রেরি রয়েছে। এখানে শিশু একাডেমির প্রকাশিত 'শিশু পত্রিকা এবং শিশুদের পড়ার উপযোগী বই আছে। বই পড়ার কার্যক্রমের সাথে বই ও শিশু পত্রিকা অফিস থেকে বিক্রয় করা হয়।	(১) সংগীত, নৃত্য, চিত্রাঙ্কন, আবৃত্তি ও সুন্দর হাতের লেখা প্রশিক্ষণ কর্মসূচি দক্ষতার সাথে বাস্তবায়ন করতে হবে। (২) প্রশিক্ষণ কর্মসূচির পাশাপাশি কেন্দ্রীয় কর্মসূচির সাথে স্থানীয় উদ্যাগেও বিভিন্ন প্রতিযোগিতা আয়োজন করতে হবে।	জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা।
৪২। শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা।	মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, আগস্ট/ ২০২৬ মাসে ৩১০জন শ্রমিক ও শ্রমিক পরিবারের সদস্যদের বিনোদনমূলক সেবা, ১১৪ জন শ্রমিককে পরিবার পরিকল্পনা বিষয়ক পরামর্শ প্রদান করা হয়েছে (চিকৎসা কর্মকর্তার পদটি শূন্য থাকায় চিকিৎসা সেবা কার্যক্রম সাময়িক বন্ধ রয়েছে)। শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক অসচ্ছল শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদান করা হয়। আর্থিক সেবার আবেদন ফরম অত্র দপ্তর হতে সরবরাহ করা হয় এবং ফরমপূরণে সার্বিক সহযোগিতা ও পরামর্শ প্রদান করা হয়। ট্রেড ইউনিয়নভুক্ত/ প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক খাতে কর্মরত শ্রমিক/ কর্মচারীদের শ্রম আইন বিষয়ক শ্রমিক প্রশিক্ষণ করা হয়। প্রশিক্ষণার্থীদের প্রতিদিন ৩০০/০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা ও সামগ্রী প্রদান করা হয়। ২০২৫-২৬ অর্থবছরে অদ্যাবধি ১৭৫ জন শ্রমিককে শ্রম আইনের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। চিকিৎসা কর্মকর্তা না থাকায় শ্রমিকদের স্বাস্থ্যসেবা ব্যাহত হচ্ছে। বিষয়টি শ্রম অধিদপ্তরে জানানো হয়েছে।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, গাইবান্ধা।
৪৩। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাইবান্ধা।	উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা, গোবিন্দগঞ্জ, সাঘাটা, ফুলছড়ি, পলাশবাড়ী, সাদুল্লাপুর ও সুন্দরগঞ্জ ফায়ার স্টেশনের অপারেশনাল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।আগস্ট/২০২৬খ্রি: মাসে মোট অগ্নিকান্ড - ২৪টি, আনুমানিক ক্ষতি -৩১,৫৭,০০০/- টাকা, আনুমানিক উদ্ধার -৭৬,১০,০০০/- টাকা, সড়ক দুর্ঘটনা - ০৮টি, নৌ দুর্ঘটনা - ০৩ টি, অন্যান্য দুর্ঘটনা - ০৫টি, জীবিত উদ্ধার - ১১ জন, নিহত উদ্ধার - ০৮ জন, মোট প্রশিক্ষণ - ০৪ টি, মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা - ১৭৬ জন, মোট মহড়া - ০১টি, মোট গণসংযোগ - ০০টি। হাট-বাজার শপিংমল, বিপণি বিতান পরিদর্শনের সংখ্যা - ০ টি, এ্যাম্বুলেন্স কলের সংখ্যা-০৫টি।	(১) জেলার যে কোনো অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সচেতনতা সৃষ্টি করতে হবে। (২) জেলার সকল বাজার, গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থানে ফায়ার সার্ভিসের ফোন নম্বর প্রচারের ব্যবস্থা করতে হবে।	উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, গাইবান্ধা।

৪৪। মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, গাইবান্ধা।	সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, গাইবান্ধা সভায় জানান যে, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম ৬ষ্ঠ পর্যায় শীর্ষক প্রকল্পের অধীন ২০২৬ শিক্ষাবর্ষে গাইবান্ধা জেলায় ১০৩টি শিক্ষাকেন্দ্রের মধ্যেছ ৭০টি প্রাক-প্রাথমিক, ১৩টি ধর্মীয় শিক্ষা (শিশু) এবং ২০টি ধর্মীয় শিক্ষা (বয়স্ক) শিক্ষাকেন্দ্র চলমান রয়েছে। প্রাক-প্রাথমিক স্তরে শিশুদের সাধারণ শিক্ষাসহ ধর্মীয় শিক্ষার মাধ্যমে নৈতিক শিক্ষাদানপূর্বক প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী করে তৈরি, ১৩টি ধর্মীয় শিক্ষা (শিশু) এবং ২০টি ধর্মীয় শিক্ষা (বয়স্ক) শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ১০ থেকে তদূর্ধ্ব বয়সের শিক্ষার্থীদের ধর্মীয় শিক্ষা প্রদানের মাধ্যমে ধর্মীয় নৈতিকতা সম্পন্ন নাগরিক হিসেবে গড়ে তোলার চেষ্টা অব্যাহত রয়েছে। পকল্পটি ৩০ জুন ২০২৬ সমাপ্ত হলেও যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষাকেন্দ্রসমূহ নিয়মিত পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে।	মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের চলমান কেন্দ্রগুলো নিয়মিত পরিদর্শন করতে হবে।	সহকারী পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা, গাইবান্ধা।
৪৫। প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, গাইবান্ধা সভায় জানান যে, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন (১) অটিজম ও এনডিডি কর্ণার হতে নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার শিশুদের থেরাপি সেবা প্রদান করা হচ্ছে। আলোচ্য মাসে সেবা গ্রহিতা- ১২৯+২ জন। তন্মধ্যে পুরুষ-৬১৫ জন, মহিলা-২১৬ জন এবং ছেলে শিশু- ৩১৫ জন, মেয়ে শিশু ১৪৬ জন।	(১) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। (২) এনডিডি বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি করতে হবে।	প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, গাইবান্ধা।
৪৬। সরকারি গণগ্রন্থাগার, গাইবান্ধা।	লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার, গাইবান্ধা সভায় জানান যে, (১) গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা থেকে সরবরাহকৃত ১,০৫০টি নতুন পুস্তক রেজিস্টারে অন্তভুক্ত করে পাঠ কক্ষে দেওয়ার কাজ চলমান। (২) দেশব্যাপী ভ্রাম্যমান লাইব্রেরি প্রকল্প গাইবান্ধা জেলার বিভিন্ন স্পটে বই পড়া কার্যক্রম চলমান, (৩) পুস্তক, লেনদেন সদস্য সংখ্যা-২০০ জন।	(১) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। (২) তরুণ-তরুণীদের মধ্যে বই পড়ার অভ্যাস তৈরি করতে কার্যক্রম গ্রহণ করতে হবে।	লাইব্রেরিয়ান, সরকারি গণগ্রন্থাগার, গাইবান্ধা।
৪৭। জেলা বীজ প্রত্যয়ন অফিস, গাইবান্ধা।	জেলা বীজ প্রত্যয়ন অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, (১) ২০২৫-২৬ অর্থবছরে সরকারি ও বেসরকারি বোরো বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠান ২৬টি। আবেদনের লক্ষ্যমাত্রা বেসরকারি ৪৩৮.২৫ হেক্টর। তার মধ্য হতে ০৪টি বেসরকারি কোম্পানী বাতিল করা হয়েছে এবং ২২টি বেসরকারি কোম্পানীর ৩৪০ হেঃ জমির চুড়ান্ত মাঠ পত্র প্রদান করা হয়েছে। সরকারি ০২টি যার আবেদনের লক্ষ্যমাত্রা ছিল-৬২৭.৫৭ হেক্টর জমি যা চুড়ান্ত মাঠ পত্র৫০১.৮৬ হেক্টর জমির প্রদান করা হয়েছে। উল্লেখযোগ্য জাতসমূহ: ব্রিধান-২৮, ব্রিধান-২৯, ব্রিধান-৫৮, ব্রিধান- ৮৯, ব্রিধান- ৮৮, ব্রিধান- ৭৪, ব্রিধান- ৯২, ব্রিধান-৯৫ ও ৯৬, ব্রিধান- ১০০, ১০২, ১০৩, ১০৪, ১০৭, ১০৮ ইত্যাদি। (২) ২০২৬-২৭ সরকারি ও বেসরকারি পর্যায়ে আমন বীজের আবেদনের কার্যক্রম চলমান রয়েছে, (৩) ২০২৫-২৬ উৎপাদন বর্ষে ০৫টি বেসরকারি কোম্পানীর আলু বীজ লট স্থানান্তরের ভিত্তিতে অন্য জেলা বীজ প্রত্যয়ন অফিস, গাইবান্ধা জেলা বীজ প্রত্যয়ন অফিসে এসেছে এবং ১টি আলু বীজ কোম্পনীর প্রসেসিং সেন্টার গাইবান্ধায় না থাকায় অন্য জেলায় লট	(১) বীজ উৎপাদনকারী সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানের ফসলের মাঠসমূহ নিয়মিত পরিদর্শন করতে হবে। (২) বাজার মনিটরিং কার্যক্রম চলমান রাখতে হবে। (৩) প্রত্যায়িত বীজ প্যাকেটজাত করার সময়ে সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করতে হবে।	জেলা বীজ প্রত্যয়ন অফিসার, গাইবান্ধা।

	স্থানান্তর হয়েছে, (৪) বেসরকারি আউশ বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের সংখ্যা-২টি। আবেদনের লক্ষ্যেমাত্রা-১৭.১০, (৫) জুন/২০২৬ মাসের সাদুল্লাপুর, সাঘাটা, ফুলছড়ি, গোবিন্দগঞ্জ, সুন্দরগঞ্জ, পলশাবাড়ী, গাইবান্ধা সদর উপজেলায় মোটি ১৩টি বীজের দোকানে অভিযান পরিচানা করা হয়েছে। তন্মধ্যে ৮টি দোকানে বিভিন্ন অনিয়মের কারণে ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর আইনে ২২,০০০/০০ টাকা জরিমানা করা হয়েছে এবং মেয়াদ উত্তীর্ণ ও অনুমোদনহীন বীজের প্যাকেট উপস্থিত জনতার সন্মুখে বিনষ্ট করা হয়েছে, (৬) নতুন বীজ ডিলার নিবন্ধন ও পুরাতন বীজ ডিলার লাইসেন্স নবায়নের প্রত্যয়ন পত্র প্রদান কার্যক্রম চলমান রয়েছে।		
৪৮। জেলা আনসার ও ভিডিপি, গাইবান্ধা।	জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাইবান্ধা সভায় জানান যে, অক্টোবর/২০২৬ মাসে গাইবান্ধা জেলাধীন গোবিন্দগঞ্জ ও সাঘাটা উপজেলায় ২০২৬-২৭ অর্থবছরে কলেজ ভিত্তিক ভিডিপি/টিডিপি মৌলিক প্রশিক্ষণ ১ম ধাপ চলমান রয়েছে। গোবিন্দগঞ্জ উপজেলার শামিম এন্ড শাকিল কারিগরি কলেজে ৬৩ জনকে ১৪/০৯/২০২৬ হতে ৩০/০৯/২০২৬ পর্যন্ত এবং সাঘাটা উপজেলার বোনারপাড়া সরকারি কলেজে ৬৩জন কে ১৪/০৯/২০২৬ হতে ৩০/০৯/২০২৬ পর্যন্ত।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	জেলা কমান্ড্যান্ট আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাইবান্ধা।
৪৯। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা।	সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা কর্তৃক আগস্ট/ ২০২৬ মাসে ১২টি বাজার তদারকিমূলক অভিযান পরিচালনা করা হয়েছে। এতে ভিন্ন ভিন্ন ৩৮টি অভিযোগের বিপরীতে ৯৯,৫০০/- টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে।এছাড়াওভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ সংবলিত লিফলেট ও পাম্পলেট, ভোক্তা ও ব্যবসায়ীদের মধ্যে বিতরণ করা হয়েছে। ভোক্তার অধিকার ও ভোক্তা অধিকার বিরোধী কার্য ও অপরাধ এবং দন্ড সম্পর্কে উপস্থিত জনগণকে অবহিত ও সচেতন করা হয়।	নিয়মিত বাজার মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।	সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, গাইবান্ধা।
৫০। জেলা নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, গাইবান্ধা।	জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা, গাইবান্ধা সভায় জানান যে, আগস্ট/ ২০২৬ মাসে ০৬টি হোটেল/ রেস্তোরাঁ, ০৫টি বেকারি/ মিষ্টির দোকান/ কারখানা, ০৪টি খুচরা/পাইকারি বাজার, ০১টি কাঁচা বাজার মনিটরিং/পরিদর্শনসহ খাদ্যে ভেজাল রোধে ১৫টি সমন্বিত অভিযান পরিচালনা করা হয়। মোবাইল ল্যাবরেটরির মাধ্যমে ২৮টি,মিনি ল্যাবরেটরির মাধ্যমে ১৭টি খাদ্যপণ্য পরীক্ষা করা হয় এবং ০২টি নমুনা পরীক্ষার জন্য প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। আগস্ট/ ২০২৬ মাসে জেলা খাদ্য নিরাপদ ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা ০১টি, উপজেলা নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা সমন্বয় কমিটির সভা ১টি, জেলা দায়িত্বপ্রাপ্ত নিরাপদ খাদ্য পরিদর্শকগণের সাথে প্রশিক্ষণ- ০১টি, শিক্ষাঙ্গনে নিরাপদ খাদ্য বিষয়ক অভিভাবক সমাবেশ ০১টি এবং সচেতনতামূলক কর্মসূচির অংশ হিসাবে ৩০০টি পোস্টার এবং ৪০০টি লিফলেট বিতরণ করাহয়েছে।	(১) নিয়মিত হোটেল, রেস্তোরাঁ, কাঁচা বাজার, খুচরা ও পাইকারী বাজার মনিটরিং আরো জোরদার করতে হবে। (২) নিয়মিত অভিযান পরিচালনার করতে হবে।	নিরাপদ খাদ্য অফিসার, গাইবান্ধা।
৫১। কৃষি বিপণন অফিস,	কৃষি বিপণন কর্মকর্তা, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাজার মনিটরিং কাজ চলমান রয়েছে। অন্যান্য পণ্যের দাম স্থিতিশীল রয়েছে। কৃষি বিপণন	দ্রব্যমূল্য স্থিতিশীল রাখার লক্ষ্যে নিয়মিত বাজার মনিটরিং ও	কৃষি বিপণন কর্মকর্তা, গাইবান্ধা।

গাইবান্ধা।	অধিদপ্তর, গাইবান্ধার এর ০২টি প্রকল্প চলমান রয়েছে। এসএসিপি রেইন্স প্রকল্পের মাধ্যমে ২ জনকে ম্যাচিং গ্রান্টের শস্য মাড়াইকরণ যন্ত্র প্রদান করা হয়েছে।	অভিযান করতে হবে।	
৫২। ঔষধ প্রশাসন, গাইবান্ধা।	ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, গাইবান্ধা সভায় জানান যে, আগস্ট/২০২৬মাসে জেলার বিভিন্ন স্থানের বাজার এলাকায় ২০২টিফার্মেসী পরিদর্শন করা হয়েছে। এন্টিবায়োটিক এর যৌক্তিক ব্যবহার এবং এন্টিবায়োটিক বিক্রয় রেজিস্টার মেইনটেইন বিষয়ে এবং তাপ সংবেদনশীল আই ড্রপ/ইনসুলিন/ ভ্যাক্সিন/অক্সিটক্সিন ইনজেকশন ২-৮° ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় ফ্রিজে সংরক্ষণের নির্দেশনা প্রদান করা হয়। আনরেজিস্টার্ড, নকল, ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় প্রতিরোধে যথাযথ তাপমাত্রায় সংরক্ষণ বিষয়ে ঔষধ ব্যবসায়ী ও বিভিন্ন কোম্পানি প্রতিনিধির সাথে ০৩টি সচেতনতামূলক আলোচনা সভা করা হয়েছে। আগস্ট/ ২০২৬ মাসে ঔষধ উৎপাদনকারী ০৩টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়েছে। পোস্ট মার্কেটিং ভিজিলেন্স কার্যক্রম হিসেবে ০৫টি ঔষধের নমুনা গুনগতমান পরীক্ষার জন্য ড্রাগ টেস্টিং ল্যাবরেটরি, মহাখালী, ঢাকায় প্রেরণ করা হয় এবং ০৬টি ঔষধের নমুনার গুণগতমান বিভাগীয় কার্যালয়, রংপুর এর মিনিল্যাবে পরীক্ষা করা হয়।নকল, ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় প্রতিরোধে একটি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে ০৪টি মামলা হতে ৫,০০০/০০ টাকা পরিমানা আদায় করা হয়েছে। এ মাসে মোট ড্রাগ লাইসেন্স নবায়নের সংখ্যা -৫১টি এবং নতুন ০টি ড্রাগ লাইসেন্স ইস্যু করা হয়। প্রাপ্ত ট্রেজারি চালান/ রাজস্ব এর পরিমাণ -৭৭,৬০০/- টাকা।	(১) নিয়মিত ফার্মেসী পরিদর্শন করতে হবে। (২) আনরেজিস্টার্ড, নকল, ভেজাল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয় প্রতিরোধে সচেতনতামূলক সভা বৃদ্ধি করতে হবে। (৩) প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে ফার্মাসিস্টদের সক্ষমতা বৃদ্ধি করতে হবে।	ঔষধ তত্ত্বাবধায়ক, ঔষধ প্রশাসন, গাইবান্ধা।
৫৩। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গাইবান্ধা।	সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গাইবান্ধা সভায় জানান যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর অধীনে জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গাইবান্ধা কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর বিশেষ কার্যক্রম ''কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ'' (প্রাক বৃত্তিমূলক পর্যায়) কর্মসূচির আওতায় ১৪ বছর হতে ২৪ বছর বয়সী কিশোর-কিশোরী তরুণ-তরুণী যারা অষ্টম শ্রেণি পাস করার পূর্বেই ঝরে পড়েছে এবং কোন শিক্ষা প্রতিষ্ঠানের সাথে শিক্ষা কেজ যুক্ত না থাকা তরুণ-তরুণীদের আত্মনির্ভরশীল কর্মসংস্থান সৃষ্টির করার লক্ষ্যে ০৪টি ট্রেডে ৮০ জন প্রশিক্ষনার্থীর চূড়ান্ত মূল্যায়ন সম্পন্ন হয়েছে। জেলা পযায়ে ২০ জন কর্মকর্তার সমন্বয়ে দ্বিতীয় কনসালটেশন সেশন জুন ২০২৬ মাসে সম্পন্ন হয়েছে। ২০২৬-২৭ অর্থবছরে বাস্তবায়ন প্রক্রিয়াধীন কর্মসূচির জরিপ ও তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, গাইবান্ধা।
৫৪। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা।	উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা জেলার মাদকপ্রবণ এলাকার গুরুত্বপূর্ণ পয়েন্ট ও মাদক পাচারের রুটসমূহে গোপন তথ্যের ভিত্তিতে অবৈধ মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা হচ্ছে। নিয়মিত মামলার পাশাপাশি মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত হয়েছে। আগস্ট/ ২০২৬ মাসে জেলায় পুলিশ বিভাগ কর্তৃক ৪৩টি, র‍্যাব কর্তৃক - ০৩টি, মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ১২টি এবং মোবাইল কোর্টে ১৩টি মামলা দায়ের করা	(১) উপজেলা নির্বাহী অফিসারগণকে নিময়িত মোবাইল কোর্ট পরিচালনা করে হবে। (২) তথ্যের ভিত্তিতে অভিযান পরিচালনা করতে হবে এবং	উপপরিচালক , মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, গাইবান্ধা।

	হয়। আগস্ট/ ২০২৬ মাসের পরিচালিত মাদকবিরোধী অভিযানে পুলিশ বিভাগ কর্তৃক ১২,৮৩,৭০০/- টাকা, র‍্যাক কর্তৃক ১,৩৮,৮০০/- টাকা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক ৩,২৬,০০০/- টাকার অবৈধ মাদকদ্রব্য উদ্ধার ও জব্দ করা হয়েছে। এ কার্যালয়ের আওতাধীন আগস্ট/ ২০২৬ মাসে সরকারি কোষাগারে ৪,৭০,৬৯০/- টাকা জমা প্রদান করা হয়েছে। মাদকবিরোধী অভিযানের পাশাপাশি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ০২টি এবং ধর্মীয় প্রতিষ্ঠানে ০৪টি মাদকবিরোধী আলোচনা সভা, মাদক বিরোধী ফুটবল খেলা, লিফলেট, এক্রিলিক পিভিসি বোর্ড, মাদকবিরোধী প্রচারণা সংবলিত খাতা, কলম ও জ্যামিতি বক্স বিতরণ করা হচ্ছে। মাননীয় প্রতিমন্ত্রী বলেন যে, মাদক দ্রব্য নিয়ন্ত্রণে নুতন আইন প্রণয়ন করা হয়েছে। মাদকের ভয়াবহতা রোধকল্পে নিয়মিত মোবাইল কোর্ট/অভিযান পরিচালনার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	ভিডিও ধারণ করতে হবে। (৩) মাদক বিরোধী সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আলোচনা সভা ও প্রাতিষ্ঠানিক কার্যক্রম জোরদার করতে হবে। (৪) প্রতিটি বিদ্যালয়ের প্রথম অধিবেশনে প্রধান শিক্ষক/ক্রীড়া শিক্ষক মাদকের নেতিবাচক প্রভাবের বিষয়ে পাঁচ মিনিটের বক্তব্য প্রদান করতে হবে।	
৫৫। জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, গাইবান্ধা।	সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, গাইবান্ধা সভায় জানান যে, অক্টোবর/২০২৪ মাস হতে০৩(তিন) দিনের Pre Departure Orientation প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে আগস্ট/ ২০২৬ মাসে ৪৩৯ জনসহ মোট অক্টোবর/ ২০২৪ হতে আগস্ট/ ২০২৬ পর্যন্ত মোট ৩৯৫২ জন বিদেশগামী কর্মীকে প্রশিক্ষণ প্রদানসহ সনদপত্র করা হয়েছে। এ জেলায় বিদেশগামী কর্মীদের ফিঙ্গার প্রিন্ট গত ২৭/০৫/২০১৮ খ্রি. তারিখ হতে শুরু হয়ে আগস্ট/ ২০২৬ পর্যন্ত মোট ৪৫৪১৬ জনের গ্রহণ করা হয়েছে। শুধুমাত্র আগস্ট/ ২০২৬ মাসে মোট রেজিস্ট্রেশন হয়েছে ৪৪৫ জন। অক্টোবর/২০২৪ হতে আগস্ট/২০২৬ পর্যন্ত এ অফিসে মোট ৩৫টি অভিযোগ জমা হয়েছে। ৩১টি অভিযোগ শুনানী করে জনশক্তি ব্যুরো, ঢাকায় প্রেরণ করা হয়েছে। ০৪টি অভিযোগের নোটিশ করা হয়েছে। এছাড়াও জনশক্তি ব্যুরো, ঢাকা হতে ৬৫টি অভিযোগ নিষ্পত্তির জন্য প্রেরণ করা হয়েছে। অভিযোগসমূহের মধ্যে ৬২টি অভিযোগ শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে। অন্যান্য অভিযোগসমূহ মতামতসহ নিষ্পত্তির জন্য ঢাকায় প্রেরণ করা হয়েছে। গণ উন্নয়ন কেন্দ্র এবং আরডিআরএস এর সহযোগিতায় বৈধপথে বিদেশ গমনের বিষয়ে সচেতনতামূলক কার্যক্রমসহ তৃণমূল পর্যায়ে ইউপি চেয়ারম্যান ও মেম্বারের মাধ্যমে পোস্টার, লিফলেট, ব্রশিয়ার বিতরণ অব্যাহত রয়েছে। অত্র দপ্তর হতে বিদেশগামী এবং বিদেশ ফেরত ও বিদেশে মৃত্যুজনিত কারণে মৃতের ওয়ারিশদের সেবা ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পন্থা অবলম্বন করা হচ্ছে। ২০২৩-২০২৪ অর্থবছরে এ জেলায় ৫১.২ এবং ২০২৪-২৫ অর্থবছরে ৮০.১ মিলিয়ন মার্কিন ডলার এবং ২০২৫-২৬ অর্থবছরে ৭১.২৪ মিলিয়ন মার্কিন ডলার রেমিটেন্স পাওয়া গেছে। এছাড়াও মন্ত্রণালয়ের পক্ষ হতে বিশ্বের বিভিন্ন দেশে নতুন শ্রমবাজার তৈরির চেষ্টা অব্যাহত আছে।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, গাইবান্ধা।
৫৬। জেলা সমবায় অফিস,	জেলা সমবায় অফিসার গাইবান্ধা জানান যে, উন্নতজাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পের আওতায় জেলার সাঘাটা ও সাদুল্লাপুর	(১) নিয়মিতভাবে সমবায় সমিতিগুলো পরিদর্শন করতে হবে।	জেলা সমবায় অফিসার,

গাইবান্ধা।	উপজেলায় যথাক্রমে সাঘাটা উপজেলায় (১) ভাঙ্গামোড় নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ ও (২) কুখাতাইড় নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ নামে ০২টি এবং সাদুল্লাপুর উপজেলায় (১) কেশালীডাঙ্গা নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ ও (২) উত্তর দামোদরপুর নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ নামে ০২টি করে মোট ০৪টি সমবায় সমিতির ঋণ কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সমবায় সমিতির মাধ্যমে ৪৩৩জন মহিলা সমবায়ীকে গাভী পালনের মাধ্যমে তাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য ক্রমপুঞ্জিভূতভাবে ৬.৬৪ কোটি টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত ২.৭৪ কোট টাকা ঋণ আদায় করা হয়েছে। প্রকল্পের সদস্যগণ উক্ত ঋণের টাকা দিয়ে উন্নত জাতের গাভী ক্রয় করেন। গাভী ক্রয়ের পর ০১ বছর গ্রেস পিরিয়ড থাকে। এই ০১ বছর পর গাভী বাচ্চা প্রসব করার পর সদস্যগণ দুধ বিক্রি করে ঋণের টাকা পরিশোধ করেন। সদস্যদের মাঝে এখন পর্যন্ত মোট গরুর সংখ্যা ১৫৫৮টি। প্রকল্পের অধীন বিভিন্ন ট্রেডে ৪১৩ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২৪৭ জন সদস্যের আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে।	(২) গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। (৩) খেলাপী ঋণ থাকলে জরুরী ভিত্তিতে আদায় কার্যক্রম গ্রহণ করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।	গাইবান্ধা।
৫৭। ইন্সটিটিউট অব লাইভস্টক সায়েন্স এন্ড টেকনোলজি (আইএলএসটি), গাইবান্ধা।	অধ্যক্ষ, আইএলএসটি জানান যে, (১) আইএলএসটি, গাইবান্ধা হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতায় ০৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন লাইভস্টক বিষয়ে ডিপ্লোমা ডিগ্রী প্রদান করা হয়। বাংলাদেশ কারিগরি শিদ্য বোর্ড, ঢাকা কর্তৃক ২০২৬-২৭ শিক্ষা বর্ষের ছাত্র-ছাত্রী ভর্তির বিজ্ঞপ্তি ২৭/০৮/২০২৬ তারিখে প্রকাশ করা হয়েছে। অনলাইনে ২৯/০৮/২০২৬ তারিখ হতে ১৮/০৯/২০২৬ তারিখ পর্যন্ত ভর্তির আবেদন করা যাবে। বর্তমানে ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের ক্লাসসমূহ চলমান রয়েছে। (২) উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের আওতায় ০৬ মাস মেয়াদি সার্টিফিকেট ইন লাইভস্টক এন্ড পোল্ট্রি শিক্ষা কার্যক্রমের ২৬২ টার্মের ক্লাস গত ৩১/০৭/২০২৬ খ্রি. হতে শুরু হয়ে চলমান রয়েছে, (৩) ছাত্র-ছাত্রীদের হাতে কলমে শিক্ষা প্রদানের জন্য অত্র প্রতিষ্ঠানে স্থাপিত ভেটেরিনারি টিচিং হাসপাতালে চলতি মাসে ৪৫৬টি গবাদিপশু ও ১২৯৮ টি হাঁস-মুরগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে।	গৃহীত শিক্ষা, প্রশিক্ষণ ও চিকিৎসা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	অধ্যক্ষ, আইএলএসটি, গাইবান্ধা।
৫৮। আঞ্চলিক প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার (এফডিআইএল), গাইবান্ধা।	প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার জানান যে, এফডিআইএল, গাইবান্ধা কর্তৃক দাখিলকৃত কার্যপত্র হতে জানা যায় যে, আঞ্চলিক প্রাণিরোগ অনুসন্ধান গবেষণাগার, গাইবান্ধায় আগস্ট/২০২৬ মাসে ২৭২ টি গোবর, ১৬১ টি রক্তের নমুনা এবং ০৩ টি পোস্টমর্টেম এবং ০৩ টি অন্যান্য পরীক্ষা করা হয়।	(১) গৃহীত প্রাণিরোগ অনুসন্ধান ও গবেষণা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। (২) এনথ্রাক্স ও র‍্যাবিস এর বিষয়ে অনুসন্ধান কার্যক্রম জোরদার করতে হবে।	প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, গাইবান্ধা।
৫৯। বন বিভাগ, গাইবান্ধা।	সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, (১) ২০২৫-২৬ গাইবান্ধা সদর উপজেলায় পরিচালন ব্যয়খাতে ১০.০ সিডলিং কি.মি. অর্থাৎ ১০,০০০ টি চারা শহর রক্ষা বাঁধের দুই পার্শ্বে বাগানে চারা রোপনের কাজ শেষ হয়েছে, (২) ২০২৬-২৭ অর্থবছরে গাইবান্ধা সামাজিক বনায়ন নার্সরী ও প্রশিক্ষণ কেন্দ্রে বিভিন্ন প্রজাতির চারা উত্তোলনের কাজ চলমান রয়েছে।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সহকারী বন সংরক্ষক, গাইবান্ধা।

<table>
<tr>
<td>৬০। মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, গাইবান্ধা।</td>
<td>উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, গাইবান্ধা সভায় জানান যে, (১) সাঘাটা উপজেলার ০৪টি ইউনিয়নের ইউনিয়ন সহায়িকার খসড়া প্রতিবেদন প্রস্তুত কার্যক্রম চলমান রয়েছে, (২) উপজেলা নির্দেশিকার ভিত্তিতে সার সুপারিশ কার্ড প্রদান ১০০টি, (৩) মাটি পরীক্ষার ভিত্তিতে সার সুপারিশ কার্ড প্রদান ০১টি, (৪) ভ্রাম্যমাণ মৃত্তিকা পরীক্ষাগারের মাধ্যমে মাটি পরীক্ষা - ০টি, (৫) উপসহকারি কৃষি কর্মকর্তা ও কৃষকের মাঝে ইউনিয়ন সহায়িকা, উপজেলা নির্দেশিকা, ভেজাল সার শনাক্তকরণ, মাটির নমুনা সংগ্রহ পদ্ধতি, অম্লীয় মাটি ব্যবস্থাপনা এবং সুষম মাত্রায় সার ব্যবহার বিষয়ক পুস্তক/ লিফলেট প্রদান চলমান রয়েছে। সুষম সার ব্যবহার বিষয়ক ট্রায়াল ০ টি।</td>
<td>গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গাইবান্ধা।</td>
</tr>
<tr>
<td>৬১। জেলা শিল্পকলা একাডেমি, গাইবান্ধা।</td>
<td>জেলা কালচারাল অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, জেলা শিল্পকলা একাডেমি, গাইবান্ধায় সংগীত, নৃত্য, আবৃত্তি, চারুকলা ও তবলা বিষয়ে মাসব্যাপী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। গত ০৩/০৮/২০২৬ তারিখ গানে গানে জুলাই সংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়েছে, ০৯/০৮/২০২৬ তারিখ শিশু-কিশোর চিত্রাংকন প্রতিযোগিতা ও বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮৫তম প্রয়ান দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়েছে, ২৮/০৮/২০২৬ তারিখে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ৫০ তম প্রয়ান দিবস উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়েছে এবং ৩১/০৮/২০২৬ তারিখে নজরুল বর্ষ উদযাপন উপলক্ষ্যে সাংস্কৃতিক প্রতিযোগিতার উদ্বোধনী অনুষ্ঠান আয়োজনিত হয়েছে।</td>
<td>(১) নজরুল বর্ষসহ সকল কার্যক্রম/অনুষ্ঠান সুষ্ঠুভাবে আয়োজনের ব্যবস্থা করত হবে।
(২) ভাওয়াইয়া ও লোক উৎসব আয়োজনের জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।</td>
<td>জেলা কালচারাল অফিসার, গাইবান্ধা।</td>
</tr>
<tr>
<td>৬২। পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা।</td>
<td>সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা এর আওতায় ০৭টি উপজেলায় আগস্ট/ ২০২৬ পর্যন্ত ঋণ বিতরণ, ঋণ আদায় এবং সঞ্চয় আদায় নিম্নরুপঃ
<table>
<tr><th>ক্রম</th><th>উপজেলার নাম</th><th>ঋণ বিতরণ (লক্ষ টাকায়)</th><th>ঋণ আদায়</th><th>সঞ্চয় আদায়</th></tr>
<tr><td>১</td><td>ফুলছড়ি</td><td>৩৭.২৫</td><td>৪০.৮৮</td><td>২.১৪</td></tr>
<tr><td>২</td><td>গাইবান্ধা সদর</td><td>৮৩.৩৪</td><td>৯১.২৬</td><td>৪.০৯</td></tr>
<tr><td>৩</td><td>গোবিন্দগঞ্জ</td><td>১৩৬.৭৩</td><td>১৭৯.১৮</td><td>৬.৮২</td></tr>
<tr><td>৪</td><td>পলাশবাড়ী</td><td>৭৭.৯৮</td><td>৯৭.৮০</td><td>৪.৭৬</td></tr>
<tr><td>৫</td><td>সাদুল্লাপুর</td><td>৪৩.৮৮</td><td>৬৮.৪৮</td><td>৩.১৮</td></tr>
<tr><td>৬</td><td>সাঘাটা</td><td>৬৪.৬৯</td><td>৮০.০৮</td><td>১.৫৮</td></tr>
<tr><td>৭</td><td>সুন্দরগঞ্জ</td><td>৭৪.৫৭</td><td>৮১.০০</td><td>২.২৫</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৫১৮.৪৪</td><td>৬৪২.৬৮</td><td>২৪.৮২</td></tr>
</table>
পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা কার্যালয় কর্তৃক আগস্ট/ ২০২৬ মাসে ফুলছড়ি শাখায় ০১টি, সাদুল্লপুর শাখায় ০১টি ও পলাশবাড়ীশাখা ০১টি করে উঠান বৈঠকে অংশগ্রহণ করা হয়। উক্ত উঠান বৈঠকে পল্লী সঞ্চয় ব্যাংকের সেবাসমূহ গ্রহণে সদস্যদের সমস্যাগুলো শোনা হয় এবং তা সমাধানের জন্য সংশ্লিষ্ট সকল শাখাকে নির্দেশনা দেওয়া হয়। সদস্যদের সঞ্চয় বৃদ্ধিতে নিয়মিত ঋণের কিস্তি পরিশোধে এবং গৃহীত ঋণের সঠিক ব্যবহার করতে উদ্বুদ্ধ করা হয়।</td>
<td>(১) ঋণ বিতরণ ও আদায় বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(২) খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা রুজু করতে হবে।</td>
<td>সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, গাইবান্ধা।</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>৬৩। জীবন বীমা কর্পোরেশন, গাইবান্ধা।</td>
<td>সহকারী ব্যবস্থাপক, জীবন বীমা কর্পোরেশন, গাইবান্ধা সভায় জানান যে, (১) সম্মানিত গ্রাহকদের বীমার গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে তথ্য প্রদান এবং সেলস অফিসের কার্যবিধি মোতাবেক বীমা গ্রাহকদের সেলস পরবর্তী সেবা প্রদান করা হয়। সেলস অফিস-৯১, গাইবান্ধায় ২৪-০৯-২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত ১ম বর্ষ প্রিমিয়াম আয়= ৩১,২১,০০০/- টাকা এবং নবায়ন প্রিমিয়াম আয়= ১,৯৮,০০,০০০/- টাকা আয় হয়েছে, (২) জীবন বীমা কর্পোরেশনের ৩৪ টি বীমা স্কীমের মধ্যে একক প্রিমিয়াম পলিসি, হেলথ ইন্স্যুরেন্স, ডিপিএস, শিক্ষা বীমা, শিশু নিরাপত্তা বীমা, তিন কিস্তি বীমা, বহু কিস্তি বীমা, জেবিসি পেনশন বীমা, হজ্জ বীমা ও ট্রিপল প্রটেকশন বীমা বেশ জনপ্রিয় এবং সকল বীমা স্কীম অত্যন্ত লাভজনক, (৩) আজই একটি বীমা স্কীম গ্রহণ করে নিজের ও পরিবারের সদস্যদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করুন। আমাদের সকল কার্যক্রম অনলাইনের মাধ্যমে পরিচালিত হয়,
(৪) গাইবান্ধা জেলার প্রতিটি উপজেলা ও ইউনিয়ন সমূহে কর্মরত উন্নয়ন ম্যানেজার, উন্নয়ন অফিসার ও এজেন্টগণ নতুন বীমা গ্রাহক সংগ্রহের কাজ চালিয়ে যাচ্ছেন এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে মূলধন গঠনে ভূমিকা পালন করছেন। তাদের সার্বিক সহযোগিতা দানের জন্য গাইবান্ধা জেলার অন্তর্ভুক্ত বিভিন্ন স্তরের কর্মকর্তাদের অনুরোধ জানানো হলো।
উল্লেখ্য, জীবন বীমা পলিসি গ্রহণ করলে আয়কর থেকে রেয়াত পাওয়া যায়। আমাদের সকল বীমা স্কীমসমূহ অত্যন্ত লাভজনক। আর্থিক স্বচ্ছতা ও গ্রাহকদের সুবিধার্থে: BEFTN, Sonali Bank PLC, Agrani Bank PLC, Dutch Bangla Bank PLC এর যেকোনো শাখায় এবং মোবাইল ব্যাংকিং- বিকাশ, নগদ, রকেট ও নেক্সাস পে এর মাধ্যমে প্রিমিয়ামের টাকা জমা দেয়া যায়।</td>
<td>গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>সহকারী ব্যবস্থাপক, জীবন বীমা কর্পোরেশন, গাইবান্ধা।</td>
</tr>
<tr>
<td>৬৪। সাধারণ বীমা কর্পোরেশন, গাইবান্ধা।</td>
<td>উপ-ব্যবস্থাপক, সাধারণ বীমা কর্পোরেশন, গাইবান্ধা সভায় জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক সমস্ত কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। দপ্তরে চলমান কার্যক্রম: নৌ বীমা, অগ্নিবীমা, মটর বীমা; ইঞ্জিনিয়ারিং বীমাসহ বিবিধ বীমা সুবিধা চলমান রয়েছে।</td>
<td>গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>উপ-ব্যবস্থাপক, সাধারণ বীমা কর্পোরেশন, গাইবান্ধা।</td>
</tr>
<tr>
<td>৬৫। গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা।</td>
<td>অধ্যক্ষ, গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধায় (১) উচ্চ মাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা- ১৯৬০ জন, (২) স্নাতক (পাস) শিক্ষার্থীর সংখ্যা- ২৪৬০ জন, (৩) স্নাতক সম্মান ও স্নাতককোত্তর শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা- ৯৬৯৫ জন, (৪) সর্বমোট শিক্ষার্থীর সংখ্যা ১৪,১১৫ জন, (৪) জনবলের তথ্য:
<table>
<tr><th>পদের নাম</th><th>মঞ্জুরীকৃত পদ</th><th>কর্মরত পদ</th><th>শূন্য পদ</th></tr>
<tr><td>অধ্যাপক</td><td>২৮</td><td>০</td><td>২৮</td></tr>
</table>
</td>
<td>(১) শূন্য পদসমূহ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(২) নিয়মিত পাঠদান কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।</td>
<td>অধ্যক্ষ, গাইবান্ধা সরকারি কলেজ, গাইবান্ধা।</td>
</tr>
</table>

	সহযোগী অধ্যাপক	৫৬	১৬	৪০		
	সহকারী অধ্যাপক	৮৫	১৯	৬৬		
	প্রভাষক	৬১	৩৭	২৪		
	সর্বমোট	২৩০	৭২	১৫৮		
৬৬। গাইবান্ধা সরকারি মহিলা কলেজ, গাইবান্ধা।	অধ্যক্ষ, গাইবান্ধা সরকারি মহিলা কলেজ, গাইবান্ধা সভায় জানান যে, গাইবান্ধা সরকারি মহিলা কলেজ, গাইবান্ধা বিভিন্ন শিক্ষাবর্ষে শিক্ষার্থীর সংখ্যা নিম্নরূপ: শিক্ষা বর্ষ / শ্রেণি / মোট শিক্ষার্থী / মন্তব্য ২০২৬-২৭ / একাদশ শ্রেণি / ৪১০ জন ২০২৫-২৬ / দ্বাদশ শ্রেণি / ৪৪০ জন ২০২৪-২৫ / ডিগ্রী পাস ১ম বর্ষ / ৮৮ জন ২০২৩-২৪ / ডিগ্রী পাস ২য় বর্ষ / ১৩০ জন ২০২২-২৩ / ডিগ্রী পাস ৩য় বর্ষ / ১৮৮ জন জনবলের তথ: পদের নাম / মঞ্জুরীকৃত পদ / কর্মরত পদ / শূন্য পদ অধ্যক্ষ / ১ / ১ / - উপাধ্যক্ষ / ১ / ০ / ১ সহযোগী অধ্যাপক / ২ / ০ / ২ সহকারী অধ্যাপক / ১২ / ৫ / ৭ প্রভাষক / ২০ / ১৪ / ৬		(১) শূন্য পদসমূহ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) নিয়মিত পাঠদান কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	অধ্যক্ষ, গাইবান্ধা সরকারি মহিলা কলেজ, গাইবান্ধা।
৬৭। গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা।	অধ্যক্ষ, গাইবান্ধা টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা (১) কারিগরি শিক্ষায় দক্ষ মানব সম্পদ তৈরির নিমিত্ত বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা-১০২৭ জন, (২) কর্মকর্তা/কর্মচারীর তথ্য: অনুমোদিত পদের সংখ্যা ৬৭ টি, কর্মরত পদের সংখ্যা-৪২টি, শূন্য পদের সংখ্যা ২৫ জন (৩) উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের আওতায় কার্যকর স্বাক্ষরতা কর্মসূচি ৪০৬০ ঘণ্টা মেয়াদি শর্ট কোর্সে ভর্তি চলমান রয়েছে।		(১) পাঠদান কার্যক্রম আন্তরিকতার সাথে পরিচালনা করতে হবে। (২) সকল পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজন করতে হবে।	অধ্যক্ষ, গাইবান্ধা সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, গাইবান্ধা।
৬৮। বিএডিসি (বীজ বিপণন), গাইবান্ধা।	সিনিয়র সহকারী পরিচালক বিএডিসি (বীজ বিপণন), গাইবান্ধা সভায় যে, বিএডিসি (বীজ বিপণন), গাইবান্ধায় ২০২৬-২৭ বিতরণ বর্ষে বর্তমানে কোন কার্যক্রম চলমান নাই।		রবি মৌসুমে বীজ বিতরণের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি (বীজ বিপণন), গাইবান্ধা।
৬৯।	সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধা		পাসপোর্ট প্রত্যাশীরা	সহকারী

আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধা।	জানান যে, পাসপোর্ট প্রত্যাশীদের অনলাইনে পূরণকৃত আবেদনসমূহ জাতীয় পরিচয় পত্রের যাচাইকৃত তথ্যের ভিত্তিতে পাসপোর্ট আবেদনসমূহ গ্রহণ করা হচ্ছে। আগস্ট/ ২০২৬ পাসপোর্টের জন্য প্রাপ্ত আবেদন ২২৪৪ টি এবং বিতরণকৃত পাসপোর্ট- ১৯৯৬টি।	যেন হয়রানির শিকার না হয় সেদিকে লক্ষ্য রেখে সেবা অব্যাহত রাখতে হবে।	পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, গাইবান্ধা।
৭০। জেলা রেজিস্টার, গাইবান্ধা।	জেলা রেজিস্টার, গাইবান্ধা কর্তৃক দাখিলকৃত কার্যপত্র হতে জানা যায় যে, (১) জেলায় আগস্ট/২০২৬ মাসে রেজিস্ট্রিকৃত দলিলের সংখ্যা-৫৭৭০টি, দলিলের অনুলিপি সংখ্যা-৩৮০৪টি। রেজিস্ট্রেশন ফি-২,২৩,৮২,০৫৪/- টাকা, নন-জুডিশিয়াল স্ট্যাম্প-৩,২৫,১২,৩২৭/- টাকা, উৎসে কর- ৪,৫০,৬৬,১৭০/- টাকা, মূল্য সংযোজন কর- ৩,৪৮,৯৬০/- টাকা, স্থানীয় সরকার কর- ৪,৯৫,৯৫,৬৪৬/- টাকা, কোর্ট ফি -১,৩৩,৪৯৮/- টাকা, মোট রাজস্ব আদায় ১৩,৪১,৯৮,৬৩৭/- টাকা, (২) গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার সাব-রেজিস্ট্রি অফিস গত ২৪/০৩/২০২৬ তারিখ হতে উপজেলার উদাখালী ইউনিয়নের কালির বাজার এলাকায় নির্মিত নতুন ভবনে নিবন্ধন কার্যক্রম পরিচালিত হলেও পূর্বের ভাড়ায় চালিত গজারিয়া ইউনিয়নের ফুলছড়ি বাজার অবস্থিত অফিস হতে স্থানীয় জনগণের বাঁধার কারণে অদ্যাবধি নবনির্মিত অফিস ভবনে রেকর্ডপত্রাদি স্থানান্তর করা সম্ভব হয় নাই।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	জেলা রেজিস্টার, গাইবান্ধা।
৭১। জেলা ক্রীড়া অফিস, গাইবান্ধা।	জেলা ক্রীড়া অফিসার, গাইবান্ধা সভায় জানান যে, আগস্ট/ ২০২৬ মাসে কোন ক্রীড়া কর্মসূচি বাস্তবায়ন করা হয়নি। নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭ এর রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে।	(১) নতুন কুড়ি স্পোর্টস এর রেজিস্ট্রেশন বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করতে হবে। (২) গৃহীত অন্যান্য কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	জেলা ক্রীড়া অফিসার, গাইবান্ধা।
৭২। পরিবেশ অধিদপ্তর, গাইবান্ধা।	সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, গাইবান্ধা সভায় জানান যে, (১) নিষিদ্ধ ঘোষিত পলিথিন শপিং ব্যাগ বা পলি-ইথাইলিন বা পলিপ্রপাইলিনের তৈরি অন্য কোন সামগ্রী বিক্রয়, বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বিতরণ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন বা বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার সংক্রান্ত, (২) শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা ২০২৫ অনুসারে শব্দ দূষণকারী যানবাহনের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা, (৩) ইট প্রস্তুত ও ভাটা স্থাপন (নিয়ন্ত্রণ) (সংশোধন) আইন ২০১৯ অনুযায়ী অবৈধভাবে পরিচালিত ইটভাটার বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা, (৪) আগস্ট/ ২০২৬ মাসে পরিবেশগত ছাড়পত্র প্রদানের জন্য প্রাপ্ত আবেদন ০৮টি এবং ছাড়পত্র প্রদান ০৮টি। পরিবেশগত ছাড়পত্র নবায়নের জন্য প্রাপ্ত আবেদন ০৬টি এবং নবায়ন প্রদান ০৪টি, (৫) পরিবেশগত ছাড়পত্র ফি ও ছাড়পত্র নবায়ন ফি বাবদ আদায় ৩,২৭,০০০/০০ টাকা। সভাপতি User Lead Acid Battery (ULAB) জনিত সীসা বিষক্রিয়া রোধের বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।	(১) User Lead Acid Battery (ULAB) জনিত সীসা বিষক্রিয়া রোধে গোবিন্দগঞ্জ উপজেলার কারখানার বিষয়ে বিস্তারিত প্রতিবেদন আগামী ০১(এক) সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে। এ বিষয়ে নিয়মিত অভিযান পরিচালনা করত হবে। (২) গৃহীত অন্যান্য কার্যক্রম যথাযথাবে বাস্তবায়ন করতে হবে।	
৭৩। কারিগরি	অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধার প্রতিনিধি সভায়	গৃহীত কার্যক্রম	অধ্যক্ষ,

প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা	জানান যে, (১) আগস্ট/২০২৬ মাসে ১৪৪৫ জন বিদেশগামী কর্মীদের মাঝে প্রি-ডিপার্চার অরিয়েন্টেশন সার্টিফিকেট প্রদান করা হয়েছে, (২) জুলাই-সেপ্টেম্বর/২০২৬ সেশনে ভর্তির নিমিত্তে কম্পিউটার অপারেশন, ইলেকট্রিক্যাল, অটোমোটিভ মেকানিক্স, মোবাইল সার্ভিসিং, ওয়েলডিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, মেশিন সপ প্রাকটিস, প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং ট্রেডে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। কর্মীদের মাঝে প্রি-ডিপার্চার ওরিয়েন্টেশন সার্টিফিকেট প্রদান করা হয়েছে। আগামী ০৩ অক্টোবর ২০২৬ উক্ত ট্রেডসমূহের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক অ্যাসেসমেন্ট অনুষ্ঠিত হবে। অক্টোবর-ডিসেম্বর/২০২৬ সেশনের ভর্তি পরীক্ষা আগামী ২৮/০৯/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে। (৩) জাপানী ভাষা শিক্ষা কোর্সে ভর্তি: জুলাই-ডিসেম্বর/২০২৬ খ্রিঃ সেশনে ভর্তির নিমিত্তে জাপানী ভাষা শিক্ষা কোর্সের (N5&N4 Combined) ভর্তি কার্যক্রম সম্পন্ন করে প্রশিক্ষণ চলমান রয়েছে, (০৪) দেশ-বিদেশ ড্রাইভিং প্রকল্পে ভর্তি: জুলাই-সেপ্টেম্বর/২০২৬ খ্রিঃ সেশনে ভর্তির নিমিত্তে দেশ-বিদেশ প্রকল্পের আওতায় ড্রাইভিং কোর্সে ভর্তি কার্যক্রম সম্পন্ন করে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর-ডিসেম্বর/২০২৬ সেশনের ভর্তি পরীক্ষা আগামী ১৫/৯/২০২৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে, (০৫) SICIP প্রকল্প : SICIP প্রকল্পের আওতায় ২ টি অকুপেশনে শুধুমাত্র মহিলা প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। আগামী ১৪ সেপ্টেম্বর/২০২৬ ২য় ব্যাচের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে, (০৬) SSC স্পেশাল ব্যাচ: বিএমইটি এর নির্দেশনা মোতাবেক ২০২৬ সালের এস এস সি পরীক্ষার্থীদের নিয়ে কম্পিউটার অপারেশন ট্রেডের এস এস সি স্পেশাল ব্যাচের ভর্তি কার্যক্রম সম্পন্ন করে প্রশিক্ষণ চলমান রয়েছে। উক্ত ব্যাচের প্রশিক্ষণার্থী মূল্যায়ন আগামী ২৬ অক্টোবর ২০২৬ খ্রিঃ তারিখে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক অনুষ্ঠিত হবে।	যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গাইবান্ধা।
৭৪। বিআরটিএ, গাইবান্ধা।	সহকারী পরিচালক, বিআরটিএ, গাইবান্ধার প্রতিনিধি সভায় জানান যে, বিআরটিএ, গাইবান্ধা কর্তৃক আগস্ট/ ২০২৬ মাসে রেজিস্ট্রেশন প্রদান- ০ টি, শিক্ষানবীশ ড্রাইভিং লাইসেন্স প্রদান-৩৩৯টি, স্মার্ট কার্ড (ড্রাইভিং লাইসেন্স) অফিস কর্তৃক বিতরণ পেশাদার-০০, অপেশাদার-০০টি, স্মার্ট কার্ড- ২৬০টি, নম্বর প্লেট-২১০টি। ফিটনেস নবায়ন প্রাইভেট-২৭টি, বাণিজ্যিক - ৩৩টি। রুট পারমিট নবায়ন ০০টি। রুট পারমিট ইস্যু-০ টি, নবায়ন-০টি। সড়ক দুর্ঘটনার সংখ্যা- ১১টি, নিহতের সংখ্যা- ১০ জন, আহতের সংখ্যা-০৮ জন , দুর্ঘটনায় জড়িত গাড়ির সংখ্যা-১৩টি।	গৃহীত কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।	সহকারী পরিচালক, বিআরটিএ, গাইবান্ধা।
৭৫। বিবিধ।	(১) মাননীয় প্রতিমন্ত্রী সামাজিক রীতিনীতি মেনে নাটকসহ বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করেন। (২) নারীদেরকে উন্নয়নের মূল স্রোতধারায় আনতে বিভিন্ন প্রতিযোগিতায় পুরস্কার হিসেবে সাইকেল প্রদান করার বিষয়ে আলোচনা করেন। (৩) বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ইউনিয়ন/উপজেলা ভিত্তিক আয়োজনের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(১) সামাজিক রীতিনীতি মেনে নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন বৃদ্ধি করতে হবে। (২) নারী প্রতিযোগিদের সাইকেল পুরস্কার হিসেবে প্রদান করতে	(১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), গাইবান্ধা। (২) জেলা ক্রীড়া অফিসার, গাইবান্ধা। (৩) জেলা

		হবে। (৩) ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন বৃদ্ধি করতে হবে।	কালচারাল অফিসার, গাইবান্ধা

পরিশেষে মাননীয় প্রতিমন্ত্রী জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক কয়েকটি কাজের বিশেষ গুরুত্ব প্রদান করে আমাদের বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেছেন। ফ্যামিলি কার্ড, কৃষক কার্ড, খাল খনন, বৃক্ষরোপণ এবং ইমাম, মোয়াজ্জিন, খাদেম, পুরোহিত, সেবাইতদের ভাতার ব্যবস্থা করেছেন। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশিত কর্মসূচিগুলো বিশেষ গুরুত্বের সাথে বাস্তবায়ন করতে তিনি সকলকে একসাথে কাজ করার নির্দেশনা প্রদান করেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/১০/২০২৬

(ড. মো: মনিরুজ্জামান)
জেলা প্রশাসক
গাইবান্ধা
ফোন নং ০২-৫৮৮৮৭৭৫০০
e-mail:dcgaibandha@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৩২০০.০২২.০৫.০০১.২২- ২৬০৭ তারিখ: ২৩ আশ্বিন ১৪৩৩ / ০৮ অক্টোবর ২০২৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রী কার্যালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব/ সচিব, ...(সংশ্লিষ্ট সকল)।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। ....(সংশ্লিষ্ট সকল), গাইবান্ধা।
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা (তাকে সভার কার্যবিবরণী এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। অফিস কপি।

০৮/১০/২০২৬

(ড. মো: মনিরুজ্জামান)
জেলা প্রশাসক